Adjustment Programme (SAP) କାମିଆ ଯାଏ ଲୋକ ଲୋକ ହିଁ
ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ ଉପରେ, ଏବଂ ଯେଉଁ ବିଷୟର ପ୍ରକ୍ରିୟା ଯାଏତା ସମ୍ପର୍କ
ଏବଂ ଏହା ସାମଗ୍ରିକ ଟ୍ରେଡିଆ General Agreement on Tariffs
& Trade (GATT) ଏବଂ ଯାହାର ସୁ ପାଠ୍ୟ ଶୁଦ୍ଧି ସମ୍ପର୍କ ଲୋକ ଲୋକ
ଏବଂ ଏହା World Trade Organisation ବା ବିଶ୍ୱ ଚାର୍ଟର ସମ୍ପର୍କ
ସୁଦ୍ଧା ପାଠ୍ୟ ଲୋକ ଲୋକ। ବିଶ୍ୱ ଉପକ୍ରମରେ ଏବଂ ବିଷୟରେ ସମ୍ପର୍କ
କାମିଆ କାମିଆ ଲୋକ ଲୋକ ସୁଦ୍ଧାତର ମଧ୍ୟ ବା Multi-National
Corporations ଏବଂ Trans-national Company ସମ୍ପର୍କ ଏବଂ
ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ଉପକ୍ରମର ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ଲୋକ ଲୋକ ଲୋକ
ଓଡିଆ ସମ୍ପର୍କ ଲୋକ ଲୋକ ଏବଂ ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ଓ ଲୋକ
ଏବଂ। ଏବଂ ଏହା ସମ୍ପର୍କ ଲୋକ ଲୋକ ଭାରତୀୟ ଭାରତୀୟ ଲୋକ
ଲୋକ - European Union, North-Atlantic Free Trade
Association, ASEAN, SAARC ଏହାଦି। ବିଶ୍ୱ ଏବଂ ଭାରତୀୟ
ଭାରତୀୟ ଲୋକ ସମ୍ପର୍କ ସୂଚନାକୁ ବିଷୟରେ ପାଠ୍ୟ ଲୋକ ଲୋକ।

ଆନ୍ତର୍ଜାତୀୟ ବିଷୟରେ ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ
ଏବଂ ଲୋକ ଲୋକ ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ :- 1) ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ
ଲୋକ, ସୂଚନା ସମ୍ପର୍କ ପ୍ରକ୍ରିୟାକୁ ସୂଚନା ଏବଂ ସମ୍ପର୍କ ଲୋକ
ସମ୍ପର୍କ। ବିଷୟରେ ସମ୍ପର୍କ ଲୋକ ଲୋକ ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ
ଲୋକ। ଏବଂ ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ଲୋକ ଲୋକ। ଏବଂ
ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ଲୋକ
ଏବଂ ଲୋକ - ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ ଏବଂ ସମ୍ପର୍କ ଲୋକ
ଏବଂ ପ୍ରକ୍ରିୟା ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ଏବଂ ଭାରତୀୟ ଭାରତୀୟ ଲୋକ ଲୋକ
ପ୍ରକ୍ରିୟା ଏବଂ ଲୋକ। 2) ସାମଗ୍ରିକ ଏବଂ ଭାରତୀୟ, ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ
ଲୋକ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ। 3) ସମ୍ପର୍କ ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ।
4) ବିଷୟରେ ସମ୍ପର୍କ, ସାମଗ୍ରିକ ଏବଂ ସମ୍ପର୍କ ଭାରତୀୟ ସମ୍ପର୍କ
ଲୋକ ଏବଂ ଭାରତୀୟ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ଏବଂ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ।

ବିଷୟରେ ସମ୍ପର୍କ ବା Globalists ବା ବିଷୟରେ
ଲୋକ ଏବଂ ଲୋକ ଲୋକ ସମ୍ପର୍କ ଦିଆଯାଏ। ବିଶ୍ୱ ଲୋକ ବିଷୟରେ
ପ୍ରକ୍ରିୟାକୁ ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ। ଏହା
ବିଷୟରେ ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ। J.A Scholte ଏବଂ
Beyond the buzzword: towards a critical theory of
Globalisation ବା ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ ବିଷୟରେ ଲୋକ ସମ୍ପର୍କ,
ଲୋକ ସମ୍ପର୍କ ଏବଂ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ
ବିଷୟରେ ଲୋକ ସମ୍ପର୍କ Per-capital income ଲୋକ, ଲୋକ ସମ୍ପର୍କ -
ଲୋକ ଲୋକ, ecological ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ, ବିଷୟରେ ସମ୍ପର୍କ
ସମ୍ପର୍କ, ଲୋକ ସମ୍ପର୍କ, ସମ୍ପର୍କ ଓ ସମ୍ପର୍କ ସମ୍ପର୍କ। ଏହା M. Altbrow
Globalization: myth and Reality ବା ସମ୍ପର୍କ ଲୋକ ସମ୍ପର୍କ
issues as a matter of personal and collective responsibility?

Biodiversity loss, global warming, ozone depletion, Environmental pollution ইত্যাদি বিষয় শেষে যা যা হবে নির্মাণ, বিদ্যে আদিতে নিবেদন করা যেতে পারে এবং এ-অধ্যয়নে এগুলোর প্রতিরোধ করা যাচ্ছে কিনা তা নিয়ে আলোচনা করা হবে। বর্তমানের মতো প্রতিটি বিষয়ই বিবেচিত হবে, প্রযুক্তি, প্রকৃতি, প্রাণের আবিষ্কার ও পরিবেশ ইত্যাদি।

উপরোক্ত বিষয়গুলো প্রকাশ করেছে। বিদ্যে আদিতে মতো মতো উন্নতি হলেও এখনো অনেক কিছুই করা হয়নি। উন্নতি হলেও এখনো অনেক কিছুই করা হয়নি।
স্বাস্থ্যের ক্ষেত্রে টেলিমেডিসিন (Tele medicine) এবং টেলিহেলথ টেকনোলজি (Tele health technology) এর উন্নতি হয়েছে। এগুলোর মাধ্যমে অনেক রোগের চিকিৎসা করা যায়।
1999 সালে 'Johnson & Johnson' কোম্পানি 'Cosmetic medication' আবিষ্কার করে।

বিজ্ঞান বিজ্ঞান প্রকাশিত হয়েছে। বিজ্ঞানীরা যখন অতিরিক্ত বিজ্ঞান করেন এবং যখন অনেক কিছুই করা হয়নি। বিজ্ঞানীরা যখন বিজ্ঞান (স্বাস্থ্যের ক্ষেত্রে) নিয়ে কাজ করে। বিজ্ঞান প্রকৃতির অনুপ্রাণিত হয়ে এবং বিজ্ঞানীরা যখন বিজ্ঞান করে।

সংস্কৃতির ক্ষেত্রে উন্নতি বিজ্ঞান প্রকাশিত হয়েছে।
আমেরিকা ওয়াশিংটন ডি.সি.তে ১৯৬৭ সালে 'e.N.N, B.B.C, Sky News' (সংস্কৃতির ক্ষেত্রে) প্রকাশিত হয়েছে। এগুলোর মাধ্যমে অনেক কিছুই করা হয়েছে।
বিজ্ঞানীরা যখন বিজ্ঞান প্রকাশিত হয়েছে।

বিজ্ঞান প্রকাশিত হয়েছে।
উন্নতি প্রযুক্তি অসংখ্য প্রকারে যখন বিজ্ঞানীরা বিজ্ঞান প্রকাশিত হয়েছে।
এগুলোর মাধ্যমে অনেক কিছুই করা হয়েছে।
MTV, VTV, Fashion TV, Blue Kiss TV ইত্যাদি প্রকাশিত হয়েছে।
Stuart Hall এর 'The Local and the Global: Globalisation and Ethnicity' নামে প্রকাশিত হয়েছে।
New Globalisation এর Global mass culture

বা তৃতীয় বিশ্বের দেশের বিজ্ঞাননের প্রকার

⇒ উন্নয়ন ও পরিবেশিক সামাজিক উদ্বেগে বিজ্ঞান বা স্নোবলাইজেশন অনেক গুরুত্বপূর্ণ স্থান অর্জন করেছে। এর প্রক্রিয়া শুরু হয়েছে স্ট্রাক্চারাল ও ব্রাড্রাডুগালের আগে। যদিও বিজ্ঞাননের সংজ্ঞা দেওয়া খুব কঠিন তার সত্ত্বেও বিজ্ঞাননের সংজ্ঞা প্রসঙ্গের কথা হয় বিজ্ঞানন হল স্থান ও গাঠিত সংস্কৃতি গঠন করলে বিষয় তার একদিকে গেলে local এবং অন্যদিকে গেলে global. বিজ্ঞাননের দ্বারা গাঠিত গাঠনিক ও গাঠিতমতাদেশীয় সমস্যা ^{প্রমাণিত ও} সমাধানের হয়। এখানে উৎসাহিত, রূপান্তরিত, প্রস্তুতিগত এবং পরিষ্কার গত বিষয় উচিত থাকে।

৪ বিজ্ঞাননের বিকশা অতি প্রচলিত হলেও স্নোবলাইজেশন স্নোবলাইজেশন পড়লে সব গাঠিতের লেনহেই প্রকল্পের বিশেষ স্নোবলাইজেশন পুঁজির নতুন রূপ। জুরকুম নতুন উদ্যোগনীতি বিজ্ঞানন। বিজ্ঞাননের গাঠিত বা বলেছেন সুনির্দিষ্ট উদ্যোগ নির্ভর করে 4C এবং 4I এর উপর। এর 4C হল Capital বা মূলধন, Comparativens বা অর্থাৎ, Consumers ফেরা, এবং Communication স্নোবলাইজেশন এবং 4I হল Investment বিলিগেট, Industry বা জিলাস, Information-Technology অথবা প্রস্তুতি এবং Individual consumer বা ব্যক্তিগত ফেরা।

৫ বিজ্ঞান স্রষ্টার উন্নতির ফলে বিজ্ঞাননের প্রক্রিয়া গাঠিত হওয়ার হয়। কমিউনিটি ও গাঠিতের ইত্যাদি মনুষ্য জাতিক ও কর্মচারীরা ক কর্মশীল হয়ে পড়ে। দ্বিতীয় স্নোবলাইজেশন সুলি শীর্ষক হয়। বিজ্ঞানন ও IMI থেকে স্নোবলাইজেশন গাঠিত তৃতীয় বিশ্বের স্নোবলাইজেশন বিজ্ঞাননের গাঠিত অর্থাৎ বস্তু হয়।

ম বিজ্ঞাননের এই উপাদান কাঙ্ক্ষিত বহুজাতিক
 সংস্থা গুলি। এই সব সংস্থা গুলি উন্নয়ন শীল দেশগুলিতে
 তাদের কর্মসংস্থানসহ কিছু কিছু অংশ আনয়ন করছে
 কারণ এই সব দেশ গুলিতে আর্থিক ও কাগজাল অপ্রাথমিক
 দেশীয় উৎপাদন খুবই প্রাচুর্য আছে। এই অর্থেই তারা নিজেদের
 পুনরায় উন্নয়নের জন্য আর্থিক ও প্রাথমিক সম্পদকে
 জোগান করছে। এর ফলে আর্থিক উন্নয়ন ও পণ্য উৎপাদন
 বৃদ্ধির সুযোগ পাচ্ছে।

ম আর্থিক উন্নয়নের উপর বিজ্ঞাননের প্রভাব ছিল মারাত্মক,
 গোপাত ভাবে বহুজাতিক সংস্থা গুলির দ্বারা কাঙ্ক্ষিত সুযোগ
 সৃষ্টি হলেও আর্থিকের কোন আর্থিক সুযোগ ছিল না। আর্থিক
 উন্নয়ন হলেই উন্নয়ন আনয়নের প্রয়োজন হলে মাত্র। বিজ্ঞান-
 নের ক্ষেত্রে আর্থিক উন্নয়ন মানসম্মত লক্ষ্যে রাখা উচিত।
 প্রয়োজ্য বস্তু হলে আর্থিক কর্মসংস্থান হতে পারে।

ম উন্নয়নের উপর বিজ্ঞাননের প্রভাব ছিল মারাত্মক,
 উন্নয়নের উপর বিজ্ঞাননের প্রভাব ছিল মারাত্মক। কৃষিক্ষেত্রে
 উন্নয়ন গুলির উপর বহুজাতিক সংস্থা গুলি নিজেদের আর্থিক
 উন্নয়ন করতে সক্ষম হয়। উন্নয়নের ক্ষেত্রে মাত্র এবং
 উন্নয়নের ক্ষেত্রে মাত্র মাত্র ভাবে মাত্র প্রত্ন হয়।
 NAFSA উন্নয়নের দ্বারা আর্থিক উন্নয়ন USA এর
 ক্ষেত্রে উন্নয়ন। আর্থিক উন্নয়ন মাত্র উন্নয়ন
 উপর বহুজাতিক সংস্থা গুলি প্রভাব বিস্তার করলে উন্নয়ন
 বা উন্নয়ন হয়।

ম নারীসম্প্রদায় উপর বিজ্ঞাননের প্রভাব ছিল মারাত্মক
 বিজ্ঞাননের প্রভবে নারীদের কোন অর্থসংস্থান নেই। SONY
 Nike, Reebok প্রভৃতি বহুজাতিক সংস্থাগুলিতে
 নিম্নস্তর নারীসম্প্রদায়ের ওপরও নিম্নস্তর উন্নয়ন
 বিজ্ঞাননের ক্ষেত্রে নারী প্রাথমিক ও উন্নয়ন উন্নয়ন
 ক্ষেত্রে উন্নয়ন উন্নয়ন উন্নয়ন উন্নয়ন উন্নয়ন

□ আলোচনার পরিপ্রেক্ষিতে বলা হয় যে, বিজ্ঞানসন্মত
 মতের উত্থান বিজ্ঞানের উন্নয়ন কীলদেখা হুলিৎ লোকদেখানো
 কিছু উন্নতি হলেও সামাজিক প্রবে তা ক্ষতিকর । এর ফলে
 কেবলমাত্র উন্নত দেশ হুলি উন্নয়নশীল দেশ হুলিৎ দেশ প্রভাব
 বিস্তার করছে তাই বিজ্ঞানসন্মত উন্নত দেশ হুলিৎ কাছ
 উন্নয়নবাদ অবস্থা হলেও উন্নত দেশ হুলিৎ দেশ উন্নয়ন
 তবে এর ফলে যেহে সুস্থি পাওয়া হোক তাহলে অস্তর
 নয় । তাই বিজ্ঞানসন্মত মতের হু প্রভাব হেহে সুস্থি
 না পাওয়ার কথা না হেহে বিজ্ঞানসন্মত কীভাবে করে
 লোকদেখানো মত তার হেহে করে হবে । □

বিজ্ঞান সন্মত মতের হু প্রভাব হেহে সুস্থি

STUDY MATERIALS

Department of Philosophy

INDIAN PHILOSOPHY (CC-1)

:SHORT NOTES:

একনজরেভারতীয় দর্শনের বিভিন্ন সম্প্রদায়ের নাম> প্রবর্তকের নাম>প্রধান গ্রন্থ> প্রধান ভাষ্যগ্রন্থ

☐ আন্তিক ষড়দর্শন (বৈদিক):

❖ সাংখ্য দর্শন> কপিল মুনি > কপিল মুনি রচিত সাংখ্যসূত্র > বাচস্পতি মিশ্রের

তত্ত্বকৌমুদী

❖ যোগ দর্শন > মহর্ষি পতঞ্জলি > পতঞ্জলি রচিত যোগসূত্র > বেদব্যাস রচিত ব্যাসভাষ্য

❖ ন্যায় দর্শন > মহর্ষি গৌতম > গৌতম রচিত ন্যায়সূত্র > বাৎসায়ন রচিত ন্যায়ভাষ্য

❖ বৈশেষিক দর্শন > মহর্ষি কণাদ > কণাদ রচিত বৈশেষিক সূত্র > প্রশস্তপাদাচার্য্য রচিত পদার্থ-ধর্ম-সংগ্রহ

❖ মীমাংসা দর্শন > মহর্ষি জৈমিনি > মহর্ষি জৈমিনি রচিত মীমাংসা সূত্র > শবরস্বামী রচিত শাবরভাষ্য

❖ বেদান্ত দর্শন > বাদরায়ণ > বাদরায়ণ রচিত ব্রহ্মসূত্র > শংকরাচার্য্য রচিত শরীরক ভাষ্য (অদ্বৈতবাদী)> রামানুজ রচিত শ্রীভাষ্য (বিশিষ্টঅদ্বৈতবাদী)

আন্তিক দর্শন-ষড়দর্শন

(১) সাংখ্য দর্শন (Sankhya School)


* সাংখ্যদর্শনকে প্রাচীনতম দর্শন বলা হয়। এই দর্শনের প্রতিষ্ঠাতা কপিল মুনি: প্রধান গ্রন্থ-দৈশ্বরকৃষ্ণ রচিত সাংখ্যকারিকা: প্রধান ভাষ্যকার-বাচস্পতি মিশ্র।

পরাতত্ত্বঃ সাংখ্য দ্বৈতবাদী দর্শন, কেননা সাংখ্য মতে জগতের মূল তত্ত্ব দুটি-পুরুষ (আত্মা)

ও প্রকৃতি (জড়সত্তা)। পুরুষ নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত, চৈতন্যস্বরূপ। প্রকৃতি ত্রিগুণাত্মিকা-সত্ত্ব, রজঃ ও তমঃ গুণের সাম্যাবস্থা। পুরুষ অপরিণামী, প্রকৃতি চিরপরিণামী। পুরুষ জড় প্রকৃতির সমুদয় পরিবর্তন ও বিবর্তনের সাক্ষী (সাক্ষী-চৈতন্য), কিন্তু পুরুষের কোন পরিবর্তন হয় না। পুরুষ অসঙ্গ ও উদাসীন

প্রকৃতি জগতের উপাদান কারণ। সাংখ্য সংকার্যবাদী দর্শন। সাংখ্যাদর্শনের কার্য-কারণতত্ত্ব 'সংকার্যবাদ' নামে খ্যাত। সংকার্যবাদ অনুসারে, কার্যোৎপত্তির পূর্বে কার্য কারণের মধ্যে প্রচ্ছন্নভাবে থাকে। প্রকৃতি জগতের মূল কারণ। কাজেই সাংখ্য মতে, উৎপত্তির পূর্বে জগৎ জড়প্রকৃতির মধ্যে প্রচ্ছন্নভাবে ছিল।

পুরুষের সঙ্গে প্রকৃতির সংযোগ না হলে জগতের উৎপত্তি-কার্য শুরু হয় না। প্রকৃতির সাম্যাবস্থাকালে জগতের অভিব্যক্তি হয় না। প্রকৃতির পরিণাম বা পরিবর্তনের ফলেই জগতের অভিব্যক্তি হয়। প্রকৃতির এই পরিণামের মূলে হচ্ছে পুরুষের সঙ্গে প্রকৃতির সান্নিধ্য অথবা সংযোগ। পুরুষের সঙ্গে প্রকৃতির মিলন হলেই প্রকৃতির সাম্যাবস্থা বিনষ্ট হয় এবং তখন এই বৈচিত্র্যময় জগতের উদ্ভব হতে থাকে। পুরুষ ও প্রকৃতির সংযোগে প্রকৃতির পরিণাম বা অভিব্যক্তি নিম্নোক্তভাবে হয়:



কারণ কী? সর্ভাসু (আবঙ্গিক) জর্ডের দ্বিতীয় সর্ভাসু কী?
কারণ কে কী আবঙ্গিক সর্ভাসু জর্ড কাম ব্যাঙ্গ্য কৰাং সর্ভাসু
(2+10)

কারণ কী :- উক্ত বিজ্ঞানী মিল কারণের জন্য উক্ত প্রসঙ্গে
বলেছেন যদি কোনো যিনো জর্ডের মীন ভাগে প্রবাহিত
কর্তনীয় ভাবে অক্ষরটি কোনো যিনো বা যিনোর জন্য মিলিত
কো অনুসরণ করে তবে অক্ষরটি যিনোকে কারণ প্রবাহ
অনুসরণ যিনো কে কার্য ফলা হতে।

প্রকৃতিতে যে সমস্ত যিনো যাই তখন জৈয়লি হুট
কবে যিনো না কত গুলি জর্ড সুরন হলে ততই জৈই যিনো যাই
এ জৈইই আধারা প্রমাণে কোনো যিনো যিনোর জন্য আবঙ্গিক
জর্ড ও সর্ভাসু জর্ডের দ্বিতীয় সর্ভাসু জালো চনা করদি।

আবঙ্গিক জর্ড - কোনো একটি বিশেষ যিনো যিনোর জন্য
আবঙ্গিক জর্ড তাকেই বলা হতে, যার অনুসন্ধিতিতে যিনো
যি যিনো সাধনা। যদি দুটি যিনো 'ক' ও 'খ' এর
অনুসন্ধি এই রূপ হয় যে, 'ক' না যিনো 'খ' যিনো, কিন্তু
'ক' যিনো 'খ' নাও যিনো সাধে, তাহলে ফলা ফায় যে
'ক' হলে 'খ' এর আবঙ্গিক জর্ড 'ক' 'খ' এর আবঙ্গিক
জর্ড এর অর্থ - যদি 'ক' না যি তাহলে 'খ' যিনো। যেমন -
কি দহন কার্যের জন্য অক্সিজেন হলে আবঙ্গিক জর্ড
অক্সিজেন না থাকলে দহন ব্রীয়া হয় না, কিন্তু অক্সিজেন
থাকলেই যে দহন ব্রীয়া যাবে এমন কোনো কথা নেই।
তেন্তই একই যিনো একাধিক আবঙ্গিক জর্ড থাকতে পারে।

সর্ভাসু জর্ড : কোনো একটি বিশেষ যিনো যিনো জন্য সর্ভাসু
জর্ড হলে উক্ত জর্ডকেই বোঝানো হয় যার ব্রীয়াধিতিতে
ফায়টি অবস্থায় যাবে। যদি দুটি যিনো 'ক' ও 'খ' এর
অনুসন্ধি এই রূপ হয় যে 'ক' যিনো 'খ' যিনো কিন্তু ফলা

Q9

191st Day Wk 28

MONDAY

M	T	W	T	F	S	S
4	5	6	7	8	9	10
11	12	13	14	15	16	17
18	19	20	21	22	23	24
25	26	27	28	29	30	31

এই বিষ্ণুসাতসহস্রের একটি মৈত্রিক বৃক্ষমণ্ডল শিখার পুণ্যতা করা হয়। কাঙ্ক্ষিত ছাতি বহু না বিশ্বয়েব ইন্দি উষমা বৃক্ষমণ্ডল হল এক ম প্রকারিক বিশ্বয়েব অর্দ্রা বয়েদে - প্রোনিয়ং করা।

১) অর্দ্রাঙ্কর ব্যাঘ্রের ক্ষেত্রে ভাঙ্গনা অর্দ্রাঙ্ক মুক্তির ব্যাঘ্রের করে থাকে। কোলা একটি লক্ষ্যবিশিষ্ট বিশ্বকে (পরিষ্ক) করে। উল্লার হৃদয় (আই) বিশ্বয়েব অর্দ্রাঙ্ক ভাঙ্গা।
 ১০) অল্পন বিশ্বয়েব পুণ্যতা করে ভাঙ্গনা বিশ্বয়টিকে বোধগম্য করে হুনি স্বয়ং - একটি সুহ যেন্ন স্বয়ং দিয়ে জৈতি
 ১১) উই কাশ ঘটনোদিত দিয়ে হৈতৈ বিশ্বয়ক কিন্তু একমুহ
 ১২) স্বাঘ্রের পুশ যেন্ন একটি সুহ নয় (আই) কাশ ঘটনো অর্দ্রাঙ্ক বিশ্বয়ক নয়।

01

Descartes

পাশ্চাত্য দর্শনে আধুনিক যুগের সূচনা হয়েছে ডেকার্তের দর্শন দিয়ে। বুদ্ধিবাদী দার্শনিক হিসাবে ডেকার্ত দর্শনে গাণিতিক ভিত্তি প্রতিষ্ঠা করতে বলেছেন এই গাণিতিক ভিত্তি প্রয়োগের সূত্রে ডেকার্ত সংশয় পদ্ধতিকে গ্রহণ করেছেন। সংশয় পদ্ধতি গ্রহণ করে ডেকার্ত যাবতীয় দার্শনিক অনুসন্ধান শুরু করেছেন। এই সংশয় পদ্ধতি হল ডেকার্তের সত্য আবিষ্কারের পদ্ধতি তাই সংশয় পদ্ধতি প্রয়োগের দ্বারা জগতের সবকিছুকে সংশয় করতে আরম্ভ করলেন। এর দ্বারা তিনি ঘোষণা করলেন যে যতক্ষণ পর্যন্ত সুস্পষ্ট এবং প্রাজ্ঞল (clear and distinct) কোন ধারণা লাভ করা যায় ততক্ষণ জগতের সবকিছুকে সন্দেহ করে যেতে হবে। ডেকার্ত মনে করেন কোন কিছু সুস্পষ্ট বলতে বোঝাই যা সাক্ষাৎ এবং সরাসরি আমাদের ইন্দ্রিয় প্রত্যক্ষ প্রকাশিত হয় আর কোন কিছু প্রাজ্ঞল বলতে বোঝায় যা যথাযথ এবং অন্যান্য বস্তু থেকে স্বতন্ত্র এবং স্পষ্ট। এই ভাবে ডেকার্ত ঘোষণা করলেন যে যা সুস্পষ্ট ও প্রাজ্ঞল নয় তা সংশয়াতীত ও নিশ্চিত নয়। আর যতক্ষণ পর্যন্ত না সন্দেহাতীত ও নিশ্চিত জ্ঞান লাভ করা যাচ্ছে ততক্ষণ পর্যন্ত সংশয় প্রক্রিয়া চালিয়ে যেতে হবে। এই সংশয় প্রক্রিয়ার মাধ্যমে ডেকার্ত জগতের সমস্ত কিছুকে সংশয় করতে আরম্ভ করলেন। এমনকি _____ বিষয়ও সংশয়াতীত নয় কেননা তাঁর দাবি হল জাগতিক বিষয় সমূহ সমস্তই ইন্দ্রিয় প্রত্যক্ষের বিষয়। আর ইন্দ্রিয় প্রত্যক্ষের বিষয় হল তাই যা সরাসরি ইন্দ্রিয়লব্ধ, আর যা ইন্দ্রিয়লভ্য তাকে ইন্দ্রি-উপাত্ত বলে (Sense data)। আর ইন্দ্রিয় উপাত্ত সম্পর্কে যেসব অবধারণ যেমন এটি '____' 'ওটি নীল' – সেই সব তার ধারণাগুলি ইন্দ্রিয় উপাত্তকে অতিক্রম করে যায় কাজেই সেগুলি সংশয়াতীত হয়। তাই ডেকার্ত মনে করেন ইন্দ্রিয় প্রত্যক্ষ লভ্য বাহ্য জগতের জ্ঞান আমরা লাভ করি তখন ভ্রম বা অতুল প্রত্যক্ষের জ্ঞান কেননা ঐসবক্ষেত্রে কোন প্রত্যক্ষ দৃষ্ট দৈত্য আমাদের ইন্দ্রিয় গোচরে ওগুলো উপস্থিত করে বলে ভ্রান্তি হয়। এই যুক্তি থেকে ডেকার্ত সিদ্ধান্ত করেন যে ইন্দ্রিয় দ্বারা সংশয়াতীত ও সুনিশ্চিত জ্ঞান লাভ করা সম্ভব নয়।

এর পর ডেকার্ত গাণিতিক সত্য সম্পর্কেও সংশয় প্রকাশ করেছেন ডেকার্ত মনে করেন গাণিতিক সত্য সুনিশ্চিত নয় কেননা এই জাতীয় সত্যও সংশয়যোগ্য কেননা তার মতে যখনই আমরা তিন ও দুই যোগ করবে বা চতুর্ভুজের বাহুগুলি গোনান চেষ্টা করি তখনই ঐ দুই দানব আমাদের ভুল

পথে পরিচালিত করেন। ফলে সেক্ষেত্রে চিরন্তন গাণিতিক সত্যগুলিও মিথ্যা প্রমাণিত হয়। এই ভাবে ডেকার্তের সংশয় পদ্ধতি অবরোহ পদ্ধতির ভিত্তি। ডেকার্ত মনে করেন এই অবরোহ পদ্ধতির সাহায্যে গাণিতিক প্যাটার্নে সুনিশ্চিত দর্শন রচনা করা যায়। তিনি মনে করেন গণিত যেমন সংজ্ঞা ও অবরোহনের উপর নির্ভরশীল সেরূপ দর্শনও এই দুটি মানসিক প্রক্রিয়ার উপর নির্ভরশীল। সংজ্ঞা বলতে ডেকার্ত বোঝেন একধরনের বিশেষ বোধশক্তির সাহায্যে আমরা স্বতঃ সিদ্ধ সত্য যেমন $3+2=5$ লাভ করি। অন্যদিকে অবরোহ বলতে তিনি বোঝেন স্বতঃ সিদ্ধ সত্য থেকে নিষ্কাশিত যৌক্তিক অনুমান বা প্রমাণ; জ্যানিতিতে এই জাতীয় প্রমাণের সাক্ষাৎ পাওয়া যায়। এই ভাবে সংজ্ঞা ও অবরোহনির্ভর দর্শন গণিতের মত সুনিশ্চিত ও চিরস্থায়ী হবে বলে তিনি মনে করেন। এই রকম দর্শন রচনার উদ্দেশ্যে এমন এক **Fundamental truth** বা স্বতন্ত্র প্রামাণ্য সত্য আবিষ্কার করার কথা বলেন যার থেকে সমগ্র দর্শন নিষ্কাশিত হবে। আর ঐ **Fundamental truth** টি নিষ্কাশিত হয় সংশয় পদ্ধতির সাহায্যে। প্রশ্ন হল, এই পদ্ধতি অনুসারে সবকিছুকে সংশয় করতে গেলে সংশয়কর্তা হিসেবে কাউকে মেনে নিতে হবে। অর্থাৎ এমন কোন সত্য কি আছে যাকে সংশয় করা যায় না? উত্তরে ডেকার্ত বলেন সংযায়ক্রিয়া চালাতে গেলে সংশয় ক্রিয়ার কর্তা স্বীকার করতে হবে সেক্ষেত্রে সংশয় করার জন্য সংশয় কর্তার অস্তিত্বকে মানতে হবে। এইভাবে ডেকার্ত মনে করেন যে বাহ্য জগৎ সংক্রান্ত সমস্ত বিশ্বাসের _____ গাণিতিক সত্যেও সংশয় করা গেলেও এমন এক পরম মানদণ্ড আছে যা কখনো সংশয় যোগ্য নয়। আর সংশয় হল এক ধরনের চিন্তনক্রিয়া। আমি সংশয় করি অর্থাৎ আমি চিন্তা করি। এর থেকে প্রমাণিত হয় যে চিন্তনবার্তা হিসাবে আমি আছি যা আমার অস্তিত্ব আছে। এক্ষেত্রে ধরা যাক যে আমার _____ শক্তিশালী এমন এক প্রত্যাক আছে যে প্রত্যাক আমাকে সর্বদা প্রত্যারণা করে চলে। এখন সে যদি সর্বদাই আমাকে প্রত্যারণা করে চলে তবুও আমার অস্তিত্বে কোন সন্দেহ করা যায় না অর্থাৎ আমার অস্তিত্ব কখনোই নাপ্তিত্বে পরিণত হয় না। তাই “আমি চিন্তাকরি, তাই আমি আছি” — এটাই হল সকল সত্যের মধ্যে সর্বপ্রথম এবং **Fundamental truth**.

এখন প্রশ্ন হল এখানে আমি বলতে কি বোঝায় উত্তরে ডেকার্ত বলেন — আমি হল একটা এমন কিছু যা চিন্তা করে (**A thing which thinks**) অর্থাৎ এমন কিছু যা সন্দেহ করে, প্রত্যাক

করে, স্বীকার করে, অস্বীকার করে, ইচ্ছা করে, অনিচ্ছা প্রকাশ করে কল্পনা করে এবং যা অনুভব প্রকাশ করে, এই ভাবে দেকার্ত মনে করেন আমি হল আমন সত্তা যা সন্দেহ কর্তা হিসেবে সন্দেহ কর্তার অস্তিত্বকে প্রতিষ্ঠা করে।

দেকার্ত তাঁর **Fundamental truth** এ “আমি চিন্তা করি” এবং “আমি আছি” এই কথা দুটিকে সমভাবে এবং স্বতন্ত্রভাবে নিশ্চিত বলে মনে করেন। প্রশ্ন হল এই নিশ্চয়তার ভিত্তি কি। নিশ্চয়তার ভিত্তি হিসাবে তিনটি ধর্মের উল্লেখ এরা অসংশোধন যোগ্য অর্থাৎ দেকার্তের মতে “আমি চিন্তা করি” এবং “আমি আছি” কথা দুটি সংশোধন যোগ্য নয় যদি কেউ বিশ্বাস করে যে সে চিন্তা করছে বা সে আছে তাহলে আবশ্যিক ভাবে তার বিশ্বাসে সত্য হয়, অর্থাৎ এরা সংশোধনাতীত। উক্ত দুটি সূত্রের বৈশিষ্ট্য হল সূত্র দুটি স্বতঃ যচাই যোগ্য, অর্থাৎ দেকার্ত মনে করেন যখন বলা হয় আমি চিন্তা করি তখন এই দাবীর দ্বারা ‘আমি চিন্তা’ করে কয়েকটি স্বতঃ যচাই যোগ্য বলে প্রমাণিত হয়। অনুরূপভাবে যখন আমি বলছি যে আমি আছি এই দাবীর দ্বারা আমি আছি বাক্যটির যচাই যোগ্যতা নিজে নিজেই প্রমাণিত হয়। দেকার্ত মনে করেন উক্ত সূত্রের বৈশিষ্ট্য দুটি স্বতঃ প্রামাণ্য অর্থাৎ ‘আমি চিন্তা করি’ এবং ‘আমি আছি’ এই দুটি বাক্যের প্রামাণ্য নিজে নিজেই প্রমাণিত হয়।

এখন প্রশ্ন হল উপরের সূত্রে নিজ অস্তিত্ব বিষয়ে দেকার্তের জ্ঞান কি সংজ্ঞানূলক নাকি অনুমাননূলক? এই প্রশ্নের উত্তর খোঁজা দর্শনে খুব জটিল। যদি বলা হয় ‘আমি চিন্তা করি’ এই বচন থেকে আমি আছি এই বাক্যটি নিসৃত হয়। তাহলে সমস্যা থেকে যায় এটা ভাবা স্বাভাবিক যে এটি এক ধরনের সংক্ষিপ্ত ন্যায়ের দৃষ্টান্ত যেখানে প্রধানযুক্তি বাক্য (**major premise**) উহ্য থাকে অর্থাৎ এক্ষেত্রে প্রধান যুক্তি বাক্যটি হল এরকম বা কিছু চিন্তা করে তাই আছে (**Whatever thinks exists**) এবার যুক্তিটিকে নিম্নলিখিত প্রকারে সাজানো দাঁড়াবে এরকম।

যা কিছু চিন্তা করে তা আছে

আমি চিন্তা করি অতএব আমি আছি

এরূপ বললে কেউ আপত্তি তুলে বলতে পারেন যে সিদ্ধান্তের তুলনার যুক্তি বাক্যগুলিকে ভালো ভাবে জানতে হয় এবং তা প্রথম নীতিরূপে "আমি আছি" যে প্রতিষ্ঠা তার সঙ্গে সঙ্গতি পূর্ণ হয় না। এই অভিযোগের মুখে দেকার্তকে মনতে বাধ্য থাকতে হয় যে এটা অনুমান নয়।

বুদ্ধিবাদী দার্শনিক রেনে দেকার্ত তাঁর **Meditations on First Philosophy** গ্রন্থের প্রথম ও দ্বিতীয় মেডিটেশনে সংশয় পদ্ধতি প্রয়োগ করে দর্শনকে গাণিত্যভিত্তির উপর দাঁড় করাতে সচেষ্ট হয়েছেন। সংশয় পদ্ধতি প্রয়োগের সূত্রে দেকার্তের লক্ষ ছিল এমন এক ধরনের সুনিশ্চিত সত্য প্রতিষ্ঠা করা যে দিয়ে দর্শন শুরু করা যাবে। এ বিষয়ে দেকার্ত সংশয় পদ্ধতির মাধ্যমে "আমি চিন্তা কর, তাই আমি আছি" এই স্বতসিদ্ধ সত্যটি প্রতিষ্ঠা করেন। এই সূত্রটি বা প্রমাণ করে তাহল – চিন্তন কর্তারূপে কেবল আমি আছি ও আমার চিন্তা আছে – আমি কেবল এদুটিকে জানতে পারি। এই কথা বললে দেকার্তের দর্শন অহংসর্বস্ব বাদে দুষ্ট হয়ে পড়ে। কিন্তু দেকার্তের দর্শনের মূল লক্ষ্য শুধু চিন্তককর্তা বা চিন্তন ক্রিয়ায় নয়। তিনি চিন্তন কর্তারূপে নিজের অস্তিত্ব প্রমাণের মাধ্যমে বাহ্যজগতের অস্তিত্ব প্রতিষ্ঠার লক্ষে তার সূত্রকে কাজে লাগিয়েছে কাজেই দেকার্তের দর্শন অহংসর্বস্ববাদী দোষে দুষ্ট নয়। এইভাবে দেকার্ত সংশয় পদ্ধতি প্রয়োগের দ্বারা **Clare et distincte percipio** অর্থাৎ স্পষ্ট ও প্রাঞ্জল প্রত্যক্ষ নামক সত্যতার মানদণ্ড প্রয়োগের সূত্রে দেকার্ত নিজের দর্শন প্রতিষ্ঠা করেন।

প্রশ্ন হল স্পষ্ট (clear) প্রাঞ্জল (Distinct) বলতে কী বোঝানো হয়েছে? দেকার্ত তাঁর **Principles of Philosophy** তে বলেন clear বা স্পষ্ট হল তাই যা মনের সামনে উপস্থিত থাকে, শুধুতাই না তাকে মনের সামনে উন্মুক্ত হতে হবে এবং তার প্রতি মনকে ও মনযোগী হতে হবে। আর প্রাঞ্জল বা বিবিক্ত (Distinct) হল তাই যা অন্যান্য ধারণা বা বাক্য থেকে পৃথক হবে এবং তাকে যথাযথ হতে হবে। উদাহরণের সাহায্যে দেকার্ত স্পষ্টতা এবং প্রাঞ্জলতা ও বিবিক্ততরে মধ্যে পার্থক্য দেখিয়েছেন। শরীরের কোনস্থানে দুঃসহ যন্ত্রণা স্পষ্টতাকে অনুভূত হতে পারে কিন্তু ঐ যন্ত্রণার প্রকৃতি সম্বন্ধে পীড়িত ব্যক্তি যে মিথ্যা অর্থধারণ দেয় তাতে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে এইভাবে কোন প্রত্যক্ষ বা ধারণা প্রাঞ্জল বা বিবিক্ত না হয়েও স্পষ্ট হতে পারে। কিন্তু স্পষ্ট না হলে তা বিবিক্ত

বা প্রাঞ্জল হতে পারে না। সত্যতার মানদণ্ডের ক্ষেত্রে যখন একটি গাণিতিক বচনকে স্পষ্ট ভাবে ও প্রাঞ্জল বা বিবিক্তভাবে বিচার করা হয় তখন তার সত্যতা সম্বন্ধে মনকে স্বীকৃতি দিতে হয়। তাই দেকার্ত বলে তাই বা স্পষ্ট ভাবে ও প্রাঞ্জল বা বিবিক্তভাবে প্রত্যশিত হয় এবং তাতে যদি আমরা আমাদের সম্মতি প্রদান বারি তাহলে কখনোই আমরা সত্যের জায়গায় মিথ্যাকে গ্রহণ করি না। উদাহরণ স্বরূপ যখন বলা হয় – “আমি চিন্তা করি, তাই আমি আছি” তখন আমি সত্যতার জন্য কোন বাহ্যিক মানদণ্ড প্রয়োগ (extrinsic criterion) করিনা, বরং এক্ষেত্রে “আমি” আমাকে এত স্পষ্ট ও প্রাঞ্জল ভাবে জানি যে এটি সত্য না হয়ে পারে না।

এখন প্রশ্ন হল দেকার্তের মতানুসারে “বা স্পষ্টভাবে ও বিবিক্তভাবে বা প্রাঞ্জল- ভাবে প্রতিষ্ঠিত হয় তাই ‘সত্য’। এই সত্যতার মানদণ্ডের কি কোন ন্যায্যতার প্রয়োজন আছে? উত্তরে বলা যায় মানদণ্ডটির ন্যায্যতার প্রয়োজন আছে। দেকার্ত তাঁর **A Discourse on Method** গ্রন্থের চতুর্থ অধ্যায়ে বলেছেন – “যেসব বস্তু খুব স্পষ্ট ও প্রাঞ্জলভাবে প্রকাশিত হয় সেসব বস্তুই সত্য” – এই নিয়মটি যুক্তিনির্ভর, কেননা ঈশ্বর অস্তিত্বশীল এবং তিনি পূর্ণসত্তা আর আমাদের সবকিছুই ঈশ্বর থেকে নিঃসৃত হয়। যদি পূর্ণসত্তা থেকে সত্যতা নিঃসৃত না হয় তাহলে আমাদের ধারণা স্পষ্ট ও প্রাঞ্জল হলেও সেটি যে সত্য সে বিষয়ে নিশ্চয়তা থাকে না। সুতরাং সত্যতার মানদণ্ডের জন্য ন্যায্যতার প্রয়োজন। আর এই সত্যতা প্রদান করেন ঈশ্বর। একই কথা দেকার্ত তাঁর **Third Meditation** গ্রন্থে বলেছেন – ঈশ্বর আছেন কিনা বা তিনি থাকলেও প্রতারক কিনা তা অনুসন্ধান করতে হবে। কেননা এ বিষয়ে জ্ঞান না হলে অন্য কোন বিষয় সম্পর্কে নিশ্চিত হওয়া যায় না। কাজেই স্পষ্ট ও প্রাঞ্জল প্রত্যক্ষকে আমাদের গ্রহণ করতে হবে।

দেকার্ত মনে করে স্পষ্টভাবে ও বিবিক্তভাবে প্রকাশিত বিষয়ের সত্যতা ঈশ্বরের সাহায্যে প্রতিষ্ঠা করা হয়। দেকার্ত তাঁর “আমি চিন্তা করি, তাই আমি আছি” – এই প্রামাণিক বচনের থেকে যেটি নিঃসৃত হয় তা হল স্পষ্ট ও বিবিক্ত প্রত্যক্ষ সর্বদায় নিশ্চয়তা উৎপন্ন করে। দেকার্ত তাঁর **Rules for the Direction of the Mind**-এ স্পষ্ট ও বিবিক্ত প্রত্যক্ষকে নিশ্চয়তা পর্যাপ্ত শর্তরূপে

গ্রহণ করেছেন বলে মনে হয়। অনেকে এ বিষয়ে আপত্তি তুলতে পারেন সেই সম্ভাব্য আপত্তির উত্তর প্রসঙ্গে দেকার্ত বলেন যে তিনি স্পষ্টেও প্রাজ্ঞল প্রত্যক্ষকে নিশ্চয়তার পর্যাপ্ত শর্তরূপে গ্রহণ করেন না।

Spinoza

স্পিনোজার দর্শনের মূল তত্ত্ব তাঁর “এথিক্স” গ্রন্থে পাওয়া যায়। স্পিনোজা তাঁর পরাতাত্ত্বিক দিকটি গ্রীক পাশনিক পারমেনাইডিস গ্রন্থ থেকে যেমন জাগতিক সবকিছুকে **being** বা সত্তার মাধ্যমে ব্যাখ্যা করতে চাইছিলেন। স্পিনোজা তেমনি সবকিছুকে দ্রব্য (**substance**) এর মাধ্যমে ব্যাখ্যা করেছেন। এ বিষয়ে তিনি বলেন যে সসীম কোনকিছুই **self-subsistent** নয়। এই হল তত্ত্ববিদ্যার মূল কথা। দ্রব্য সম্পর্কে স্পিনোজার মতটি দেকার্তের দর্শন থেকে পাওয়া। দেকার্ত যেমন ঘোষণা করেছিলেন যা স্বাধীন এবং স্বতন্ত্রভাবে অস্তিত্বশীল তাই দ্রব্য। এই অর্থে দেকার্তের মতে দ্রব্য তিনটি, একটি হল নিরপেক্ষ দ্রব্য ঈশ্বর এবং অন্য দুটি হল সাপেক্ষ দ্রব্য জড় ও মন। স্পিনোজা এভাবে দ্রব্যের সংজ্ঞা দেননি স্পিনোজার মতে দ্রব্য স্বাধীনতা স্বতন্ত্র ভাবে অস্তিত্বশীল হলে সেখানে একাধিক দ্রব্য থাকতে পারে না। এই ভাবে স্পিনোজা দেকার্তের লক্ষণ গ্রহণ করে তার অদ্বৈতবাদ প্রতিষ্ঠা করেন। তাই স্পিনোজার সিদ্ধান্ত হল দ্রব্য এক। স্পিনোজা তার ‘এথিক্স’ গ্রন্থের প্রথম অধ্যায়ে দ্রব্যের লক্ষণ দিতে গিয়ে বলেছেন “..... **that is in itself and is conceived through itself: that is, that the concretion of which does not depend on the conception of another thing from which it must be formed (Ethics, Part-1, def-111)** অর্থাৎ দ্রব্য হল তাই যা নিজমধ্যেই বিদ্যমান এবং যার ধারণা করা হয় তার নিজের সাধ্য সেই অর্থাৎ অন্যকোন চিন্তার উপর যার চিন্তা নির্ভর করে না তাই দ্রব্য। স্পিনোজা মনে করেন, দ্রব্য অসীমসংখ্যক গুণের অধিকারী। এরপর স্পিনোজা তাঁর এথিক্স গ্রন্থের প্রথম অধ্যায়ের চতুর্থ **Definition** গুণের সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন: “**An attribute I understand to be that which intellect perceives as constituting the essence of a substance**” অর্থাৎ “গুণ হল তাই যাকে বুদ্ধি দ্রব্যের সারধর্ম হিসেবে প্রত্যক্ষ করে”। অর্থাৎ দ্রব্যের সারধর্মরূপে বুদ্ধি যা প্রত্যক্ষ করে তাই হল গুণ। স্পিনোজার মতে গুণ দ্রব্যে সমবেত হয়ে থাকে, বরং যার মাধ্যমে দ্রব্যের ধারণা হয় তাই হল গুণ। স্পিনোজার মতে যদি কোন কিছুর দ্বারা দ্রব্যের স্বরূপ গঠিত হয় তবে তা গুণ বলে গণ্য হবে। প্রশ্ন হল ঐ কোন কিছু যখন স্বরূপ গঠন করে। উত্তরে স্পিনোজা বলেন কোনকিছু দ্রব্যের স্বরূপ গঠন করতে পারে তখনই যখন তার চিন্তা অন্য

কোন কিছুর সাহায্য ছাড়াই করা হয়। অন্যদিকে ঐ কোন কিছুর চিন্তা যখন অন্যকোন কিছুর উপর নির্ভর করে তখন তা দ্রব্যের স্বরূপ গঠন করতে পারে না যেমন আকার দ্রব্যের স্বরূপ গঠন করতে পারে না কেননা আকারের চিন্তা করতে গেলে দৈর্ঘ্য, প্রস্থ প্রভৃতি বিস্তৃতি সাহায্য নিতে হয়। সুতরাং আকার গুণ বলে গণ্য নয়। অন্য দিকে বিস্তৃতি গুণ বলে অন্য কেননা তার চিন্তা করতে গেলে অন্যকোন কিছুর সাহায্য নিতে হয় না।

স্পিনোজা গুণ বলতে **reality**র অপরিবর্তনীয় ধর্মকে বুঝিয়েছেন। স্পিনোজা যখন দ্রব্যের সংজ্ঞা দেন দ্রব্যের যে বৈশিষ্ট্য ব্যক্ত হয় তা শূন্যগর্ভ ও আকারগত যখন এই সংজ্ঞার সঙ্গে গুণের ধারণাটি যুক্ত হয় তখন দ্রব্য তার শূন্য গর্ভ থাকে না। এই ভাবে গুণের মাধ্যমে দ্রব্য নিজের সম্বন্ধে ধারণা করতে পারে। স্পিনোজার মতে গুণ হল দুপ্রকার বিস্তৃতি ও চৈতন্য। চৈতন্য ও বিস্তৃতি গুণ দুটি পরস্পর পরস্পরের বিরোধী। যদিও এরা নরম দ্রব্যের বাস্তবিকধর্ম তবুও ঐ দ্রব্যের নির্বিশেষে তারা বিরহিত হয়ে যায়। যাতে বিরহিত না হয়ে যায় তার জন্য স্পিনোজা গুণের লক্ষণে বুদ্ধি কথটি ব্যবহার করেছেন অন্যদিকে পরমদ্রব্যের অদ্বৈত তত্ত্ব অক্ষুন্ন রাখার জন্য ঘোষণা করেছেন গুণগুলির জাতৃজনিত ধর্ম নেই।

স্পিনোজা দ্রব্য ও গুণের মধ্যে দেকার্তের মতপ্রত্যয় (**Conceptual**) গত পার্থক্য স্বীকার করেননি। তার মতে দ্রব্য ও গুণ হল পরস্পর সম্বন্ধ যুক্ত। এ সম্পর্কে দেখাতে গিয়ে **wolf** তাঁর **The Correspondent of Spinoza** গ্রন্থে এ সম্পর্কে দুটি যুক্তি দিয়েছেন।

প্রথমযুক্তি হল স্পিনোজার দার্শনিক চিন্তার প্রথম পর্যায়ে গুণের সংজ্ঞা পাওয়া যায় সেটি পরবর্তী পর্যায়ের এথিক্স গ্রন্থে বর্ণিত দ্রব্যের সংজ্ঞার সমান্তরাল। আর দ্বিতীয় যুক্তি হল — এথিক্স গ্রন্থলেখার পর স্পিনোজা অন্য আরেকটি জায়গায় দ্রব্য সম্বন্ধে যে সংজ্ঞা দিয়েছেন সেটি গুণের ক্ষেত্রে প্রযোজ্য। কাজেই দ্রব্য গুণের মধ্যে কার্তেকীয় প্রত্যয়গত পার্থক্য স্পিনোজার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

স্পিনোজা মনে করেন দ্রব্য ও গুণের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান কেননা দ্রব্য হল এমন একসত্তা যা তার নিজের মধ্যেই বিদ্যমান এবং অন্যকোন ধারণার উপর নির্ভর না করে যার সম্পর্কে চিন্তা করা যায় তাই হল দ্রব্য। অন্যদিকে গুণ হল তাই যা দ্রব্যের স্বরূপ গঠন করে চিন্তার উপর বুদ্ধি

প্রয়োগ করে। অর্থাৎ দ্রব্যের স্বরূপ যা তাই হল তার গুণ। স্পিনোজার মতে গুণ হল তাই যা নির্বিশেষ কিন্তু প্রসন্ন যা নির্বিশেষ তার আবার কিকোন গুণ থাকতে পারে? এ প্রশ্নকে কেন্দ্র করে দার্শনিকদের মধ্যে বিতর্ক বিদ্যমান হেগেল ও এর্ডসান্ মনে করেন যে গুণগুলি দ্রব্যের স্বরূপ ছাড়ায় অস্তিত্ববান কেননা গুণগুলির বৈশিষ্ট্য হল চিৎ ও বিস্তৃতি সম্পন্ন। কেননা জড় ও মন যে দুটি গুণ আছে তাদের বৈশিষ্ট্য হল বিস্তৃতি ও চেতনা।

হেগেল ও এর্ডসান্ আরো মনে করেন গুণগুলির দ্রব্য ছাড়া থাকতে পারে কেননা গুণগুলি হল _____ ব্যাপার।

অন্যদিকে ফিসার মনে করেন গুণগুলি কেবল মাত্রেরই ধারণা হয় তা পরম দ্রব্য ঈশ্বরের বাস্তব প্রকাশ। এই ভাবে গুণ সম্পর্কিত চিন্তা বিতর্কের জন্ম দেয় এবং এই বিতর্কের মূলে রয়েছে স্পিনোজার গুণের ধারণাটি স্বয়ং। কেননা তিনি গুণের লক্ষণ দিতে গিয়ে বুদ্ধি কথাটি ব্যবহার করেছেন যেটা নির্খত নয়। চেতন্য ও বিস্তৃতি যে দুটি গুণ আছে তার পরস্পর বিরুদ্ধ স্বভাব বিশিষ্ট। কাজেই এরা পরমদ্রব্যের বাস্তবিক ধর্ম হয় তবে দ্রব্যের নির্বিশেষেই তারা তিরহিত হয়ে যাবে। এটি যাতে না হয় তাই স্পিনোজা গুণের লক্ষণে বুদ্ধিপদটি সংযোজন করেছেন।

চেতনা ও বিস্তৃতি নামক যে দুটি গুণের কথা স্পিনোজা বলেছেন সেই দুটি গুণের মাধ্যমেই পরমদ্রব্য ঈশ্বর প্রকাশিত হয়। এই ভাবে স্পিনোজা দ্রব্য ও গুণের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করেছেন। শুধু তাই না স্পিনোজার দর্শনে দ্রব্য একটি কিন্তু গুণ হল অসংখ্য। গুণ অসংখ্য হলেও তা দ্রব্যের স্বরূপ প্রকাশে সাহায্য করে কেননা চেতনা ও বিস্তৃতি নামক যে দুটি গুণ আছে সে দুটি বস্তুত দ্রব্যেরই ধর্ম তাই বলা যায় এ দুটি দ্রব্যেরই প্রকাশ।

Locke

পাশ্চাত্য দর্শনে যে দুটি দলের মধ্যে বিতর্ক লক্ষ করা যায় সেই দুটি দলের একটি হল বুদ্ধিবাদ (rationalism) এবং অপরটি হল অভিজ্ঞতাবাদ (empiricism)। এই দুটি দলের মধ্যে বিতর্ক সমস্ত দার্শনিক আলোচনাতেই লক্ষ করা যায়। দার্শনিক আলোচনার মধ্যে প্রধান যে সমস্যাটি নিয়ে দুটি দলের মধ্যে বিতর্ক গড়ে ওঠে সেটি হল জ্ঞান-তত্ত্ব বা (Epistemology)। জ্ঞানতত্ত্বের আলোচনায় দুটি দলের দুটি ভিন্ন মত। একদল বলে জ্ঞানের উৎস হল বুদ্ধি বা reason আর অপরদল বলে জ্ঞানের উৎস হল ইন্দ্রিয়ানুভব। যে দল জ্ঞানের উৎপত্তিতে বুদ্ধিকে প্রাধান্য দেয় তারা বুদ্ধিবাদী দার্শনিক। অন্যদিকে যে দল জ্ঞানের উৎপত্তিতে ইন্দ্রিয়ানুভবকে (Sense experience) কে প্রাধান্য দেয় তাঁরা হলেন দৃষ্টিবাদী দার্শনিক। পাশ্চাত্য দর্শনের ইতিহাস ঘাঁটলে মোটামুটি ভাবে জন লক দৃষ্টি বাদেরই সমর্থক। কেননা, লকের মতে, জন্মের সময় শিশুর মন থাকে অলিখিত সাদা কাগজের মত। লকের এই মত বুদ্ধিবাদী চিন্তাধারার সহজাত ধারণার খণ্ডনে (Innate Idea) ইন্ধন জুগিয়েছে। কেননা সহজাত ধারণা যারা মানেন তাঁদের মতে মানুষ জন্মের সময় কিছু সহজাত প্রবৃত্তি বা প্রবণতা নিয়ে জন্মায়। কিন্তু লকের শিশুর মন অলিখিত সাদা কাগজ প্রমাণ করে যে জন্মের সময় এরূপ কোন সহজাত প্রবৃত্তি মানুষের মধ্যে থাকতে পারে না। কেননা মানুষের মধ্যে কিছু সহজাত প্রবৃত্তি থাকার অর্থ হল কিছু ধারণা থাকা আর কিছু ধারণা থাকলে বলা যায় না যে জন্মের সময় মানুষের মন থাকে অলিখিত সাদা কাগজের মত। এই ভাবে জন লক বুদ্ধিবাদী চিন্তার একেবারে মূলে আঘাত করেছেন। ক্রমে ক্রমে তিনি দেখিয়েছেন যে নিষ্ক্রীয় মন সংবেদন (sensation) এবং অন্তর্দর্শনের (reflection) মাধ্যমে প্রথমে কতকগুলি ধারণাকে গ্রহণ করে। পরবর্তী কালে ধারণাগুলি পরস্পর পরস্পরের সঙ্গে তুলনা, সহযুক্তি বিযুক্তি ঘটিয়ে জটিল ধারণা গঠন করে। এরপর ধারণা সমূহের মধ্যে সংযোগ এবং মিল অথবা অমিল এবং বিরোধিতার প্রত্যক্ষ ("the perception of the connection of an agreement or disagreement and repugnance of any of our ideas.") করার নামই জ্ঞান। লক প্রদত্ত জ্ঞানের সংজ্ঞা বিশ্লেষণ করে দেখা যাচ্ছে

যে জ্ঞানের উপাদান হল ধারণা সমূহ (Ideas)। জ্ঞানের লক্ষণের দ্বারা তিনি বোঝাতে চেয়েছেন যে জ্ঞান একটি মাত্র ধারণাকে বিষয় করে গঠিত হয় না, এমনকি বাহ্য জাগতিক বস্তুর সঙ্গে ধারণার সম্বন্ধে জ্ঞান নয়। জ্ঞান হল কেবল ধারণা গুলির পারস্পরিক সম্বন্ধ। তার এই পরস্পর সম্বন্ধের জন্য প্রয়োজন হয় **sensation and reflection** এর।

লক ধারণার মিল ও অমিল প্রত্যক্ষ করাকেই যে জ্ঞান বলেছে সেই মিল ও অমিল চাররকমের (১) অভিন্নতা ও ভিন্নতা (Identity and diversity), (২) সম্বন্ধ (relation), (৩) সহাবস্থান (Co-existence) এবং (৪) প্রকৃত অস্তিত্ব বা বাস্তব অস্তিত্ব (real existence)। এই ভাবে ধারণার মিল ও অমিল চার প্রকারের-

প্রথমত – অভিন্নতা এবং ভিন্নতা (Identify and diversity) – একটি ধারণা তার নিজের সঙ্গে অভিন্ন এবং অন্য ধারণার থেকে পৃথক বা ভিন্ন। ধরা যাক রানের প্রত্যক্ষ হল যে লালের ধারণা তার নিজের সঙ্গে অভিন্ন এবং সবুজের ধারণা থেকে পৃথক বা ভিন্ন সেক্ষেত্রে বলতে পারি যে রানের অভিন্নতা ও ভিন্নতার জ্ঞান আছে।

দ্বিতীয়ত – সম্বন্ধ (relation) – দুই বা দুয়ের অধিক ধারণার মধ্যে সম্বন্ধ। এই সম্বন্ধের প্রত্যক্ষ হতে পারে। যেনন আনাদের দুই আর দুই এর যোগের ধারণা আছে আবার চারেরও ধারণা আছে এবং এদুটি ধারণার সম্বন্ধের (সমানের) প্রত্যক্ষ আনাদের হয়। তাই বলতে পারি যে $2+2=4$ এই হল সম্বন্ধের ধারণা।

তৃতীয়ত – সহাবস্থান (Co-existence) কোন কিছুতে একাধিক ধারণার সহাবস্থানের প্রত্যক্ষ হলে জ্ঞান হয়। যেনন স্বর্ণের ধারণা আনাদের আছে আবার উজ্জ্বলের ধারণাও আনাদের আছে এ দুটি ধারণার সহাবস্থান আমার স্বর্ণখণ্ডে প্রত্যক্ষ করি। সুতরাং বলা যায় যে স্বর্ণখণ্ডে উজ্জ্বল এ ধারণা আনাদের আছে।

চতুর্থত – বাস্তব অস্তিত্ব (real existence) – যখন কোন বিষয় সম্বন্ধে একটি ধারণা আনাদের হয় তখন যে বিষয়ের ধারণা আনাদের হচ্ছে সেই বিষয়ের বাস্তব অস্তিত্বের ধারণার মিলের প্রত্যক্ষ

হবে জ্ঞান। ধরা যাক রানের গোলাপের ধারণাও আছে এবং গোলাপের অস্তিত্বের ধারণাও আছে আবার এদুটি ধারণার মিলও রান প্রত্যক্ষ করেছে। সুতরাং বলা যাবে ঐ মিলের জ্ঞানও রানের আছে।

জ্ঞান মাত্রা ভেদের ব্যাপার অর্থাৎ বেশি নিশ্চিত কিংবা কম নিশ্চিত অথবা সম্ভাব্য হতে পারে। এই মাত্রাভেদের দিক থেকে লক জ্ঞানকে তিন ভাগে ভাগ করেছেন সংজ্ঞা মূলক জ্ঞান (Intuitive) প্রামাণিক বা প্রতিপাদক জ্ঞান (demonstrative) এবং ইণ্ডিয়ানুভব-লক জ্ঞান (sensitive knowledge).

প্রথম প্রকার সংজ্ঞা মূলক জ্ঞান — এই প্রকার জ্ঞানের ক্ষেত্রে মন অন্যকোন ধারণার সাহায্য ছাড়াই দুটি ধারণার মিল বা অমিল সাক্ষাৎ এবং সংশয়হীন ভাবে প্রত্যক্ষ করতে পারে তাই এ প্রকারে জ্ঞানকে সাক্ষাৎ জ্ঞানও বলা হয়। এই ধরনের জ্ঞান স্বজ্ঞাবৃত্তির ব্যাপার (Intuition) বলে। এই Intuition এর সাহায্যে আমরা বুঝতে পারি যে বৃত্ত ত্রিভুজ নয় কিংবা দুই চার নয়। আমরা সাক্ষাৎ ভাবে বৃত্তের ধারণার সংজ্ঞা ত্রিভুজের এবং দুই এর ধারণার সঙ্গে চারের ধারণার বিরোধিতা প্রত্যক্ষ করতে পারি। তাছাড়া আমাদের অস্তিত্বের জ্ঞান ও আমরা Intuition এর মাধ্যমে _____ বলে লক মনে করেন। এই সংজ্ঞা লক ছাড়া লক স্বতসিদ্ধ, অনিবার্য ও সংশয়মুক্ত বলেছেন।

প্রতিপাদক বা প্রামাণিক জ্ঞান — যখন আমাদের মন ধারণা সমূহের মিল বা অমিল অন্যান্য ধারণার সাহায্যে প্রত্যক্ষ করে থাকে তখন প্রামাণিক বা প্রতিবাদক জ্ঞান বলে হয়। এই জ্ঞান প্রমাণ নির্ভর। অর্থাৎ কোন কিছুর উপর নির্ভর করে থাকে তাই এ প্রকার জ্ঞানকে মাধ্যম জ্ঞানও বলা হয়। প্রামাণিক জ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের প্রসঙ্গে (demonstration) প্রতিষ্ঠিত হয় কটি প্রক্রিয়া বা ধাপে। যেমন যুক্তি বিজ্ঞানের ক্ষেত্রে কিংবা গণিতের ক্ষেত্রে এসব ক্ষেত্রে জ্ঞান প্রক্রিয়া যে ধাপের উপর নির্ভর করে তা সংজ্ঞামূলক নিশ্চয়তা আছে বলে লক মনে করেন। এই ধাপগুলির সাহায্যে যে জ্ঞান প্রতিপাদিত বা প্রতিষ্ঠিত হয় তারও নিশ্চয়তা থাকে যেহেতু তাদের মধ্য যৌক্তিক সম্পর্ক থাকে। তবে এসব জ্ঞানের নিশ্চয়তা সাহায্য মূলক জ্ঞানের চেয়ে কম কেননা এসব জ্ঞানের ক্ষেত্রে মাধ্যম হিসাবে অগন্য ধারণার সাহায্যে নেওয়া হয়। এধরনের জ্ঞানের সাক্ষাৎ পাওয়া যায় গণিতে এবং যুক্তি বিজ্ঞানে।

ইন্দ্রিয়ানুভব-লব্ধ জ্ঞান — ইন্দ্রিয়ানুভবের মাধ্যমে জড় জাগতিক সহবেদনের দ্বারা লব্ধ জ্ঞানকে ক ইন্দ্রিয়ানুভব লব্ধ জ্ঞান বলেছেন। এ জ্ঞান সংজ্ঞা মূলক এবং প্রামাণিক জ্ঞানের চেয়ে নিচুস্তরের গান। বস্তুত লব্ধ এজাতীয় জ্ঞানকে পুরোপুরি জ্ঞান বলতে _____ এই জাতীয় জ্ঞান মতা শ্রাস বা সম্ভাব্য জ্ঞান বলেন গণ্য পরে যা কিছু সম্ভাব্য তা নিশ্চিত নয়। সরাসরি ইন্দ্রিয়ানুভবের মাধ্যমে আমরা এই জ্ঞান লাভ করতে পারি যেমন পাতাটি সবুজ, ফুলটি লাল ইত্যাদি।

লকের মতে ধারণা সমূহের মিল বা অনিল প্রত্যক্ষই হল জ্ঞান এর থেকে বোঝা যেতে পারে য ধারণার বিস্তার যতদূর জগতের বিস্তারও ততদূর অর্থাৎ ধারণার ব্যাপ্তি ও জ্ঞানের ব্যাপ্তি সমানুপাতিক। কিন্তু লকের মতে কোন কোন ক্ষেত্রে ধারণা ও জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে সমান হয় না অর্থাৎ কোন কোন ক্ষেত্রে জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম। লব্ধ দেখাচ্ছেন ধারণার মিল ও মিলের বিষয়ের উপর জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম হয়। প্রথমত লকের মতে ভিন্নতা । অভিন্নতা জ্ঞানের ক্ষেত্রে জ্ঞান ও ধারণার বিস্তার ব্যাপ্তি সমান যেমন আমাদের ধারণা আছে যে লক ার নিজের সঙ্গে অভিন্ন এবং সবুজের থেকে পৃথক বা ভিন্ন অর্থাৎ তার নিজের সঙ্গে অভিন্ন এবং বুজের থেকে পৃথক এই ভাবে অভিন্নতা ও ভিন্নতা জ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের ব্যাপ্তি এ ধরণের ব্যাপ্তি নান।

সহাবস্থান জ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম। যেমন নানাবিধ ধারণার ত্ত্বিক সহাবস্থান লব্ধ করা যায়, কিন্তু সে সব ধারণার মধ্য অবশ্যম্ভাব সম্বন্ধ প্রত্যক্ষ করা যায় না। হাবস্থিত ধারণার মধ্যে যেহেতু অসম্ভব সম্বন্ধ প্রত্যক্ষ করা যায় না সেহেতু এই জ্ঞান জ্ঞানের মর্যাদা ায় না। যেমন বর্ণ, গন্ধ, স্বাদ আকার, ওজন প্রভৃতি ধারণার সহাবস্থান অসম্ভব প্রত্যক্ষ করি কিন্তু সব ধারণার মধ্যে অসম্ভব সম্বন্ধ প্রত্যক্ষ পায় না তাই এসব ক্ষেত্রে জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম।

সমালোচকরা মনে করেন যে লব্ধ জ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের যে প্রকারভেদ উল্লেখ করেছেন তা ংজ্ঞামূলক এবং প্রামাণিক জ্ঞানের ক্ষেত্রে লব্ধ তাঁর দৃষ্টিবাদী দৃষ্টি ভঙ্গি বিরুদ্ধাচরণ করেছেন কেননা কজন দৃষ্টিবাদী দার্শনিকের দৃষ্টিভঙ্গি ইন্দ্রিয়ানুভবের মধ্যেই সীমিত থাকতে বাধ্য কিন্তু সংজ্ঞা মূলক গান এবং প্রতিপাদক প্রামাণিক জ্ঞান যেমন গণিত জ্ঞান পুরোপুরি ইন্দ্রিয়ানুভব লব্ধ নয়। কেননা

ইন্দ্রিয়ানুৎ-লব্ধ জ্ঞান – ইন্দ্রিয়ানুভবের মাধ্যমে জড় জাগতিক সহবেদনের দ্বারা লব্ধ জ্ঞানকে লব্ধ ইন্দ্রিয়ানুভব লব্ধ জ্ঞান বলেছেন। এ জ্ঞান সংজ্ঞা মূলক এবং প্রামাণিক জ্ঞানের চেয়ে নিচুস্তরের জ্ঞান। বস্তুত লব্ধ এজাতীয় জ্ঞানকে পুরোপুরি জ্ঞান বলতে _____ এই জাতীয় জ্ঞান মত। বিশ্বাস বা সম্ভাব্য জ্ঞান বলেন গণ্য পরে যা কিছু সম্ভাব্য তা নিশ্চিত নয়। সরাসরি ইন্দ্রিয়ানুভবের মাধ্যমে আমরা এই জ্ঞান লাভ করতে পারি যেমন পাতাটি সবুজ, ফুলটি লাল ইত্যাদি।

লব্ধের মতে ধারণা সমূহের মিল বা অমিল প্রত্যক্ষই হল জ্ঞান এর থেকে বোঝা যেতে পারে যে ধারণার বিস্তার যতদূর জগতের বিস্তারও ততদূর অর্থাৎ ধারণার ব্যাপ্তি ও জ্ঞানের ব্যাপ্তি সমানুপাতিক। কিন্তু লব্ধের মতে কোন কোন ক্ষেত্রে ধারণা ও জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে সমান হয় না অর্থাৎ কোন কোন ক্ষেত্রে জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম। লব্ধ দেখাচ্ছেন ধারণার মিল ও অমিলের বিষয়ের উপর জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম হয়। প্রথমত লব্ধের মতে ভিন্নতা ও অভিন্নতা জ্ঞানের ক্ষেত্রে জ্ঞান ও ধারণার বিস্তার ব্যাপ্তি সমান যেমন আমাদের ধারণা আছে যে লব্ধ তার নিজের সঙ্গে অভিন্ন এবং সবুজের থেকে পৃথক বা ভিন্ন অর্থাৎ তার নিজের সঙ্গে অভিন্ন এবং সবুজের থেকে পৃথক এই ভাবে অভিন্নতা ও ভিন্নতা জ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের ব্যাপ্তি এ ধরণের ব্যাপ্তি সমান।

সহাবস্থান জ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম। যেমন নানাবিধ ধারণার বাস্তবিক সহাবস্থান লক্ষ্য করা যায়, কিন্তু সে সব ধারণার মধ্য অবশ্যম্ভাব্য সম্বন্ধ প্রত্যক্ষ করা যায় না। সহাবস্থিত ধারণার মধ্যে যেহেতু অসম্ভব সম্বন্ধ প্রত্যক্ষ করা যায় না সেহেতু এই জ্ঞান জ্ঞানের মর্যাদা পায় না। যেমন বর্ণ, গন্ধ, স্বাদ আকার, ওজন প্রভৃতি ধারণার সহাবস্থান অসম্ভব প্রত্যক্ষ করি কিন্তু এসব ধারণার মধ্যে অসম্ভব সম্বন্ধ প্রত্যক্ষ পায় না তাই এসব ক্ষেত্রে জ্ঞানের বিস্তার ধারণার বিস্তারের চেয়ে কম।

সমালোচকরা মনে করেন যে লব্ধ জ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের যে প্রকারভেদ উল্লেখ করেছেন তা সংজ্ঞামূলক এবং প্রামাণিক জ্ঞানের ক্ষেত্রে লব্ধ তাঁর দৃষ্টিবাদী দৃষ্টি ভঙ্গি বিরুদ্ধাচরণ করেছেন কেননা একজন দৃষ্টিবাদী দার্শনিকের দৃষ্টিভঙ্গি ইন্দ্রিয়ানুভবের মাধ্যেই সীমিত থাকতে বাধ্য কিন্তু সংজ্ঞা মূলক জ্ঞান এবং প্রতিপাদক প্রামাণিক জ্ঞান যেমন গণিত জ্ঞান পুরোপুরি ইন্দ্রিয়ানুভব লব্ধ নয়। কেননা

প্রাথমিক জ্ঞানকে আমরা ইন্দ্রিয়ানুভবে পায় না তাকে পাওয়া যায় বুদ্ধিদ্বারা। তাছাড়া প্রাথমিক জ্ঞানের ক্ষেত্রে লক যে প্রাথমিক ধাপের সংজ্ঞানূলক নিশ্চয়তার কথা দাবি করেন তাও গ্রহণযোগ্য নয়। কেননা বৈধ প্রতিপাদক বা প্রাসঙ্গিক যুক্তির আশ্রয়বাক্য ও সিদ্ধান্ত আপত্যিক (Contingent) হতে পারে। আর বা কিছু আপত্যিক সংজ্ঞা মূলক নয়। আবার লক যখন ঈশ্বরের অস্তিত্বের প্রতিপাদক ক্ষেত্রের কথা যেকোন সে মতবাদও গ্রহণযোগ্য নয় কেননা গাণিতিক বাক্যের অকাট্য প্রমাণ আছে তা প্রতিষ্ঠিত সত্য কিন্তু ঈশ্বরের অস্তিত্বের যে অকাট্য প্রমাণ আছে তা হলফ করে বলা যায় না। এই ভাবে লকের যে জ্ঞানের যে মাত্রাভেও তা তার নিজের সিদ্ধান্তের বিরোধী হয়ে দাঁড়ায়।

Kant

কান্টের বিচারবাদী দর্শ দেখায় যে, জ্ঞান হতে গেলে একদিকে যেমন সার্বিকতা ও আবশ্যিকতা প্রয়োজন, অপরদিকে সেরূপ নতুনত্ব (novelty) থাকা আবশ্যিক। কেননা প্রকৃত জ্ঞান হল সেই জ্ঞান যা সার্বিক ও আবশ্যিক এবং যথাযথভাবে তথ্যমূলক (informative) জ্ঞানের এই দুটি বৈশিষ্ট্য থাকলে তবে যথার্থ জ্ঞান পাওয়া গেছে বলা যায়। কান্ট মনে করেন জ্ঞানের উক্ত দুটি বৈশিষ্ট্য পাওয়া যায় কেবল পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণের (A-priori synthetic judgment) মাধ্যমে। কান্ট মনে করতেন এই ধরনের জ্ঞান একদিকে যেমন বুদ্ধিপ্রদত্ত, অপরদিকে সেরূপ ইন্দ্রিয়ানুভব-প্রদত্ত। আর এই ধরনের জ্ঞান বিশুদ্ধ পাটিগণিত, বিশুদ্ধ প্রাকৃত বিজ্ঞানে এবং বিশুদ্ধ জ্যামিতিতে মেলে। প্রশ্ন হল এই পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক জ্ঞান কিভাবে সম্ভব। এই প্রশ্নের উত্তর দেওয়ার জন্যে কান্টকে তাঁর পূর্ববর্তী ধারণার খণ্ডন করতে হয়েছে। বস্তুত উল্লেখ্য কান্টের পূর্বে ধারণা ছিল আমাদের জ্ঞানের বিষয় অন্যকিছুর উপর নির্ভর করে। আমাদের জ্ঞানের লক্ষ হল বিষয়ক-জ্ঞান। কাজেই জ্ঞানের ক্ষেত্রে বিষয়ের প্রাধান্য আছে।

এই ভাবে কান্টের পূর্বে জ্ঞান কেন্দ্রিক ধারণা প্রচলিত ছিল। জ্ঞান-কেন্দ্রিক ধারণা বলতে বোঝায় আমাদের সকল জ্ঞানকে বিষয়সম্মত হতে হবে (All our knowledge must conform to objects)। কান্ট মনে করছেন এই মতবাদটি গ্রহণ করলে আবশ্যিক ও সার্বিক জ্ঞান, যা কিনা পূর্বতঃসিদ্ধ ধারণা থেকে প্রাপ্ত তার ব্যাখ্যা করা যায় না। কেননা আমাদের জ্ঞানকে যদি বিষয়সম্মত হতে হয় তাহলে জ্ঞান আবশ্যিক ও সার্বিক হতে পারে না (necessary and universal)। কেননা যা ইন্দ্রিয়ানুভব থেকে নিঃসৃত হয় না (যা ইন্দ্রিয়ানুভব থেকে প্রাপ্ত তা কখনো সার্বিক ও আবশ্যিক হতে পারে না। যেমন গাছের পাতা সবুজ | এটি আবশ্যিক বা সার্বিক নাও হতে পারে। কিন্তু যে জ্ঞান যথাযথভাবে আবশ্যিক ও সার্বিক হয় তা ব্যতিক্রমহীন হয়। যেমন "প্রত্যেক ঘটনার কারণ আছে" এই অবধারণে যে জ্ঞান ব্যক্ত হয়েছে তা সার্বিক ও আবশ্যিক জ্ঞান। কাজেই এই অবধারণে বর্ণিত জ্ঞানটি ব্যতিক্রমহীন। অথচ পূর্বোক্ত মত মানলে এই ধারণা ব্যাখ্যা করা

যায় না অর্থাৎ পূর্বতঃসিদ্ধ জ্ঞান ব্যাখ্যা করা যায় না। কেননা পূর্বোক্ত মতবাদটি আপাতিক এবং ইন্ডিয়ানুভব থেকে প্রাপ্ত। সুতরাং “আমাদের সকল জ্ঞানকে বিষয়সম্মত হতে হবে” এই মতবাদটি গ্রহণযোগ্য নয়। কেননা এক্ষেত্রে পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক জ্ঞানের ব্যাখ্যা দেওয়া যায় না। অথচ কান্টের মতে জ্ঞান হতে গেলে তাকে পূর্বতঃসিদ্ধ এবং সংশ্লেষক হতে হবে। এই কারণে কান্ট পূর্বোক্ত মতবাদটি বর্জন করে নতুন মতবাদ গ্রহণ করেন। মতবাদটি হলঃ **বিষয়কে জ্ঞানসম্মত হতে হবে (Objects must conform to knowledge)**। এই জ্ঞানের ব্যাখ্যার মাধ্যমে কান্ট দেখাচ্ছেন যে, জ্ঞান হতে গেলে তাতে দুটি বৈশিষ্ট্য থাকা আবশ্যিক। একটি হল সার্বিকতা ও আবশ্যিকতা (**universality and necessity**) এবং যথাযথভাবে তথ্যমূলক বা নতুনত্ব থাকতে হবে (**novelty**)। আর এই জ্ঞান পাওয়া যায় পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণের মাধ্যমে। পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণের মাধ্যমে কান্ট বিষয়কে জ্ঞানসম্মত-রূপ প্রদান করেছেন। এইভাবে কান্ট জ্ঞানরাজ্যে কোপারনিকীয় বিপ্লব এনেছেন।

কোপারনিকাস যেমন ভূকেন্দ্রিক (**geocentric**) প্রকল্পের পরিবর্তে সূর্যকেন্দ্রিক (**heliocentric**) প্রকল্প প্রতিষ্ঠা করে, জ্যোতির্বিজ্ঞানে কোপারনিকীয় বিপ্লব আনেন, সেইরূপ কান্ট “আমাদের সকল জ্ঞানকে বিষয়সম্মত হতে হবে” এই পুরোনো ধ্যানধারণার পরিবর্তে “বিষয়কে জ্ঞান সম্মত হতে হবে” – এই মতবাদ প্রতিষ্ঠা করে জ্ঞানরাজ্যে বিপ্লব আনেন। কেননা কান্টের যুক্তি হল পুরোনো চিন্তা থাকলে পূর্বতঃ জ্ঞানের অর্থাৎ প্রকৃত জ্ঞানের ব্যাখ্যা মেলে না। তাই তিনি নতুন প্রকল্প গ্রহণ করেন। এই প্রকল্প দ্বারা তিনি দেখাতে চান যে বিষয় জ্ঞানের ক্ষেত্রে বা মানব মনের এবং এই মনের ধারণার প্রাধান্য আছে, কিন্তু বিষয়ের প্রাধান্য নেই। কিন্তু কান্ট এমন কথা বলেন (১) যে মানব-মন জিনিস সৃষ্টি করে তিনি বা বলতে চান তা হল মানবমনের দিক থেকে কিছু পূর্বতঃসিদ্ধ জ্ঞান শর্তের অধীনস্থ হওয়াই হল জ্ঞানের বিষয়। এ বিষয়ে পূর্বতঃসিদ্ধ শর্তের অধীনস্থ না হলে বিষয়ের জ্ঞান আমরা লাভ করতে পারি না। কান্টের মতে বিষয় জ্ঞানের ক্ষেত্রে মন জ্ঞানের উপাদানের উপর মন নিজের জ্ঞান-আকার সনূহ প্রয়োগ করে। এই জ্ঞান-আকার সনূহ নির্ধারিত হয় **sensibility and understanding** এর মাধ্যমে।

কান্ট তাঁর **The Critique of Pure Reason** গ্রন্থের দ্বিতীয় সংস্করণের মুখবন্ধে নির্দেশ দিয়েছেন যে, গণিত এবং পদার্থবিদ্যার দ্বারা তাঁর প্রকল্পটি প্রতিষ্ঠা করেছিলেন। কোপারনিকীয় বিপ্লবের বক্তব্য ছিল যে, বস্তুকে জানতে হবে তা কখন অজ্ঞাতে ধরা দেয় না। তা আমাদের দ্বারা গঠিত হয়। উদাহরণ হিসাবে সমদ্বিবাহু ত্রিভুজের ধারণাটি নেওয়া যেতে পারে। কান্ট দেখাচ্ছেন যে একটি ত্রিভুজের দৃশ্যমান আকৃতিকে মনে মনে চিন্তা করলে বা সেই ত্রিভুজের ধারণা মনে থাকলে ত্রিভুজের ধারণাটি প্রতিপাদন করা যায় না বরং ত্রিভুজটির ধর্মাবলিকে প্রতিপাদন করতে হবে পূর্বতসিদ্ধ প্রত্যয় অনুসারে সক্রিয় গঠন দ্বারা।

পদার্থ বিজ্ঞানের বিপ্লবের ধারা কান্ট অনুপ্রাণিত হয়ে অনুরূপ বিপ্লব জ্ঞান জগতে এনেছিলেন। কান্ট বিজ্ঞানীদের কাছ থেকে শিখেছিলেন পূর্ব নির্ধারিত পরিকল্পনা বা উদ্দেশ্য সম্মত নিশ্চয় হতে হয় প্রকৃতিকে তবেই বিজ্ঞানে বিপ্লব ঘটতে পারে। এই ভাবে বিজ্ঞানের বিপ্লবের দ্বারা উদবুদ্ধ হয়ে কান্ট সিদ্ধান্ত করেন যে আমাদের চিন্তায় এই ধরনের বিপ্লব আনয়নের মাধ্যমে অধিবিদ্যার প্রকৃত প্রাপ্তি সম্ভব হবে। আমরা যদি মনে করি যে বস্তু জ্ঞানসম্মত, কিন্তু জ্ঞান বা মন বস্তুসম্মত নয়। তাহলে অধিবিদ্যার প্রগতি সম্ভব। অর্থাৎ জ্ঞান বাক্যে প্রগতি সম্ভব ফলে পূর্বতসিদ্ধ জ্ঞানের ব্যাখ্যা দেওয়া সম্ভব হয়।

কেউ প্রশ্ন করতে পারেন কীভাবে কোপারনিকীয় বিপ্লব পূর্বতসিদ্ধ জ্ঞানের ব্যাখ্যা দিতে পারে? এর উত্তরে কান্ট বলেন কার্য ও কারণ নিয়মের জ্ঞান অর্থাৎ “প্রত্যেক ঘটনার কারণ আছে” এই জ্ঞান আমাদের আছে। হিউন এই ক্ষেত্রে মনে করতেন আমাদের বিশেষ বিশেষ ঘটনা পর্যবেক্ষণ করে জ্ঞান লাভ করতে পারি না বরং কার্যকারণ নিয়মে আমরা কেবল বিশ্বাস করতে পারি। কিন্তু কান্টের মতে কার্য কারণ নিয়মের যে জ্ঞান আমাদের আছে তা থেকে পূর্বতসিদ্ধ জ্ঞানের একটি দৃষ্টান্ত তিনি মনে করতেন এমন কতকগুলি **categories or concept of the human understanding** আছে যেগুলি পূর্বতসিদ্ধ। এই গুলির মাধ্যমে এই সমস্ত জ্ঞান সম্ভব হয়। কান্ট মনে করেন বস্তুকে জ্ঞানের বিষয় হতে গেলে তাকে মত বা জ্ঞান সম্মত হতে হবে। এইগুলির মধ্যে একটি হচ্ছে কার্য কারণের নিয়মের জ্ঞান। সুতরাং “প্রত্যেক ঘটনার কারণ আছে” এই রূপ পূর্বতসিদ্ধ জ্ঞান আমাদের হয়। আর এই উদাহরণটির সাহায্যে পূর্বতসিদ্ধ জ্ঞানের ব্যাখ্যা দেওয়া সম্ভব ফলে জ্ঞান বাক্যে বিপ্লব ঘটে।

কান্ট এর বিপ্লবের কথা ঘোষণা করেছিলেন গণিত ও পদার্থ বিদ্যার দ্বারা প্রভাবিত হয়ে। তবে বিজ্ঞান বা পদার্থ বিদ্যায় বিজ্ঞানীরা যেভাবে বস্তুকে বা বিষয়কে পর্যবেক্ষণ করে দর্শনে সেইভাবে পর্যবেক্ষণ করা যায় না। বিজ্ঞানী পরীক্ষা করতে গিয়ে পরীক্ষণীয় বস্তুকে বা বিষয়কে অপচয় করে দেখাতে পারেন পরীক্ষণ লব্ধ হলে বস্তুর কোন পরিবর্তন হচ্ছে কিনা। কিন্তু জ্ঞানের ক্ষেত্রে চেতনা ও বিষয়ের সম্বন্ধ বর্তমান থাকে। এখানে বিষয়কে অপচয় করে প্রয়োজন নেয়। এইভাবে কান্ট কোপার্নিকীয় বিপ্লবের দ্বারা দেখিয়েছিলেন যে জ্ঞানের ক্ষেত্রে জ্ঞাতার ভূমিকা গুরুত্বপূর্ণ। এর দ্বারা তিনি দর্শনে নয় বরং পদার্থবিদ্যা ও জগৎ তত্ত্বে প্রভাব ফেলেন তাই দর্শনে কান্টীয় বিপ্লবের গুরুত্ব অপরিসীম।

Hume

হিউমের দর্শনে কার্য কারণ তত্ত্বটি **matters of fact** বা বাস্তব ঘটনার সঙ্গে জড়িত। হিউম মনে করেন বাস্তবিক কোন ঘটনাই কার্য কারণতার অতিরিক্ত নয়। এবং কার্য ও কারণের মধ্যে কোন আবশ্যিক সম্বন্ধ (**Necessary connection**) নেই। কিন্তু বুদ্ধিবাদী দার্শনিকের মনে করেন কার্য ও কারণের মধ্যে অনিবার্য সম্বন্ধ বর্তমান অর্থাৎ কার্য কারণ থেকে অনিবার্যভাবে নিঃসৃত হয়। অর্থাৎ কারণের মধ্যেই কার্যের ব্যাখ্যা পাওয়া যায়। কিন্তু হিউম মনে করেন কার্য ও কারণের মধ্যে কোন অনিবার্য সম্বন্ধ নেই।

হিউমের কার্যকারণ তত্ত্ব বিশ্লেষণ করলে দুটি দিকের সম্মান মেলে একটি নঞর্থকদিক অপরটি সদর্থকদিক। নঞর্থকদিক হিউম কার্য ও কারণের মধ্যে অনিবার্য সম্পর্কের ধাপটি খণ্ডন করেন। অন্যদিকে সদর্থকদিক থেকে তার

হিউম মনে করেন ক যদি খ এর কারণ হয় তাহলে ক থেকে খ যৌক্তিক ভাবে নিঃসৃত হয় না। তিনি ক মনে করেন ফলে স্বীকার করে একই সঙ্গে খ কে অস্বীকার করা যায় এদের মধ্যে কোন যৌক্তিক বিরোধ নেই। হিউম মনে করেন কার্য ও কারণের সম্বন্ধ এবং বৈধ অবরহ যুক্তির হেতু বাক্যে সিদ্ধান্তের মধ্যে তীব্র পার্থক্য বর্তমান। বৈধ যুক্তির হেতুবাক্য স্বীকার করে একই সঙ্গে সিদ্ধান্তকে অস্বীকার করলে যৌক্তিক বিরোধ (**Logical contradiction**) দেখা যায়। কিন্তু কার্য ও কারণের মধ্যে অনিবার্য সম্বন্ধের প্রতিষ্ঠাকারী দার্শনিকেরা এই বিষয়টি লক্ষ করেনি সুতরাং কার্য ও কারণের মধ্যে কোন অনিবার্য সম্বন্ধ নেই।

ক যদি খ এর কারণ হয় তাহলে ক ও খ এর মধ্যে অবশ্যম্ভাব সম্বন্ধ আছে বলে পূর্বাপেক্ষীয় মনে করেন তা ঠিক নয় কেননা হিউমের মতে "No Impression, No Idea" এখন কার্য ও কারণের মধ্যে সম্বন্ধ যেহেতু **impression** এর মধ্যে পাওয়া যায় না তাই কার্য ও কারণের মধ্যে অনিবার্য সম্বন্ধের ধারণা আছে তা বলা যায় না।

যদি কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্বন্ধ থাকত তাহলে কারণকে বিশ্লেষণ করলে কার্যের ধারণা পাওয়া যেত কিন্তু কারণকে বিশ্লেষণ করে কার্যকে পাওয়া যায় না। তাই তাদের মধ্যে অনিবার্য

সম্বন্ধ আছে তা বলে যায় না। কারণ ও কার্যের মধ্যে যদি অনিবার্য সম্বন্ধ থাকত বিশ্লেষক (Analytic) হত যেহেতু কারণকে বিশ্লেষণ করলে কার্যের ধারণা মেলে না তাই কারণ ও কার্যের সম্বন্ধে বিশ্লেষক (Analytic) নয়; বরং সংশ্লেষক সুতরাং কারণ ও কার্যের মধ্যে কোন অনিবার্য সম্বন্ধ নেই।

কার্য ও কারণের ধারণার মধ্যে সাধারণত চারটি বিশিষ্ট দেখা যায় সন্নিহিত, অনুগমন, শক্তি সঞ্চালন এবং অনিবার্য সম্পর্ক। হিউমের মতে পর্যন্ত কারণের ধারণা যদি সত্য হয় তাহলে চারটি বৈশিষ্ট মূদ্রনে বা ইন্দ্রিয়ানুভবে পাওয়া যেত কিন্তু ইন্দ্রিয়ানুভবে কেবল কার্য ও কারণের মধ্যে সন্নিহিত আছে এই ঘটনা আর কার্য কারণকে অনুগমন করে এই ঘটনা – এই দুটি ঘটনা ইন্দ্রিয়ানুভবে পাওয়া যায় কিন্তু কারণের শক্তি কার্যে সঞ্চালিত হয়েছে কিংবা কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্বন্ধ আছে তা ইন্দ্রিয়ানুভবে পাওয়া যায় না সুতরাং কারণ ও কার্যের মধ্যে অনিবার্য বৈশিষ্ট আছে তা বলা যায় না।

উপরোক্ত যুক্তিতত্ত্বলির মাধ্যমে হিউম কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্বন্ধটি অস্বীকার করলেন তিনি সিদ্ধান্ত করেন কার্য ও কারণের মধ্যে কোন অনিবার্য সম্বন্ধ নেই। তাঁর মতে কার্য ও কারণের মধ্যে পরমকার্য **succession in time** এর সম্বন্ধ আছে। এই ভাবে হিউম কার্য কারণ সম্বন্ধ সম্পর্কে তার নিজস্ব মতবাদ স্বতন্ত্র সহযোগ বাদ প্রতিষ্ঠা করেন।

হিউমের যুক্তি হল ক যদি খ এর কারণ হয় তাহলে ক ও খ এর মধ্যে দেশও ফলে গত সন্নিহিত (Contiguity in space and time) থাকে। হিউম মনে করেন এই ভাবে কার্য ও কারণের মধ্যে দেশকালে গত সন্নিহিত থাকে। সুতরাং তাদের মধ্যে কোন অনিবার্য সম্বন্ধ নেই। হিউম মনে করেন ইন্দ্রিয় এবং স্মৃতির সাহায্যে লব্ধ মূদ্রণ সংযোগ (Constant conjunction) পর্যবেক্ষনের দ্বারা পাওয়া যায় ফলে প্রথম শ্রেণীভুক্ত (first type) কোন বস্তুর মূদ্রণ থেকে দ্বিতীয় শ্রেণীভুক্ত (Second type) কোন বস্তু ঘটবে বলে অনুমান করি বা প্রত্যাশা করি। এই ভাবে মানসিক প্রত্যক্ষ বা অভ্যাস থেকে ঐ শ্রেণীভুক্ত কোন বস্তু ঘটেছে বা ঘটবে বলে এক প্রকার মানসিক প্রত্যক্ষ বা অভ্যাস থেকে ঐ শ্রেণীভুক্ত কোন বস্তু ঘটেছে বা ঘটবে বলে একপ্রকার মানসিক অবশ্যসম্ভবতা বোধ করি। এই বোধ বা অনুভব থেকে অবশ্যসম্ভবতা (necessity) ধারণা লাভ করি। আর এই ধারণা বা ঐ জাতীয় _____ অনুমানের উৎস হল ধারণার সম্বন্ধী কারণের নীতি এর ভাবে

কলাকৌশল


- ◆ **পাসিং (Passing the Ball):** ভলিবল খেলার সাফল্য বা ব্যর্থতা নির্ভর করে সঠিকভাবে পাসিংটা আয়ত্ত করার উপর। ভলিবলে পাসিংটা ব্যাপক অর্থে ব্যবহার করা হয়। বল খেলা বা বল তোলা বা বলটাকে দলের অন্য খেলোয়াড়ের উদ্দেশ্যে দেওয়া এগুলোই পাসিং। এই পাসিং-এর মধ্য দিয়েই ভলিবলের উপর দখল আনা হয়। ভলিবল খেলায় সবার আগে ভালোভাবে পাসিং শিখতে হবে। ভলিবলে পাসিং সাধারণত দুভাবে করা যায়—



ক) আপার হ্যান্ড ফরওয়ার্ড পাস (Upper hand forward pass)

খ) আন্ডার আর্ম পাস (Under arm pass)

- ক) **আপার হ্যান্ড ফরওয়ার্ড পাস:** দু'হাত মাথার উপর দিয়ে বল খেলা বা পাস দেওয়াটা সব থেকে কার্যকরী, সহজ ও নির্ভুল। সবচেয়ে বড় কথা এভাবে খেললে বলটা নিজের নিয়ন্ত্রণের মধ্যে রাখা সম্ভব হবে। এইভাবে বল পাস করতে গেলে মনে রাখতে হবে—




- 1) বলটা সবসময় আঙুলের প্রথম গাঁট ও শেষ প্রান্তের মাঝখানের অংশটা দিয়ে স্পর্শ করতে হবে। হাতের তালু বা কড়ে আঙুলকে বল স্পর্শ করার কাজে ব্যবহার করা উচিত নয়।
- 2) সাধারণত বুড়ো আঙুল বলকে ঠেলে দেবার শক্তি জোগায় ও অন্য আঙুলগুলো সঠিক গতিপথে নিয়ে যেতে সাহায্য করে।
- 3) দু'হাতের আঙুলগুলো ছড়িয়ে হাতের কজিটাকে পিছনের দিকে ঘুরিয়ে খাড়া করে ধরতে হবে।

- 4) দু হাতের তর্জনী ও বুড়ো আঙুলকে নিয়ে অনেকটা 'V'-এর আকার করে হাতের তালুতে খানিকটা গর্তের মতো করতে হবে।
- 5) হাতের কনুই দুটো কাঁধ সমান উঁচুতে তুলে কিছুটা সামনে ও বাইরের দিকে নিয়ে কাঁধ বরাবর রাখতে হবে যাতে বলটাকে ঠিক কপালের সামনে খেলা যায়, দৃষ্টি বলের দিকে রাখতে হবে।
- 6) পা-দুটোর মধ্যে কাঁধ সমান দূরত্ব রেখে, পা-দুটোকে কোণাকুনি বা বাম পা-কে সামনে ও ডান পা-কে পিছনে রেখে হাঁটু দুটো ভেঙে দু'পায়ের উপর সমান ভর রেখে সামনের দিকে সামান্য ঝুঁকে দাঁড়াতে হবে।
- 7) উপরের অবস্থান থেকে আঙুলগুলো ও হাতদুটোকে প্রসারিত করে বলটাকে সোজা সামনে কোণাকুনি ওপরের দিকে ঠেলে দিতে হবে।

খ) আন্ডার আর্ম পাস: যখন বলটা কোমরের সমান বা তার নিচে দিয়ে আসছে, সেটা পাশের দিকেই হোক বা সামনের দিকেই হোক—তখন হাত দুটোকে কনুই বা কাঁধের নিচে এনে বল পাস দেওয়া হয়। এভাবে পাস দেওয়ার সময় মনে রাখতে হবে—




- 1) বুড়ো আঙুল বাদে অন্য আঙুলগুলো দিয়ে দু'হাতের আঙুলগুলোকে জড়িয়ে ধরে তার উপর বুড়ো আঙুল দুটোকে একসঙ্গে করে পাশাপাশি রাখতে হবে।
- 2) কনুই দুটোকে ভেতরের দিকে নিয়ে এমনভাবে রাখতে হবে যাতে কনুই থেকে কব্জি পর্যন্ত হাতের অংশটা পাশাপাশি থাকে।
- 3) দুটো পায়ের হাঁটু ভেঙে একটা পা সামনে নিয়ে হাত দুটোকে উপরের চিত্রের মতো করে, হাঁটু ভেঙে ও কোমর নিচু করে বলের নিচে ও পেছনে শরীরটাকে নিয়ে যেতে হবে।
- 4) অনেক সময় বলটা খুব কঠিন জায়গায় পড়লে এক হাতে বলটা তোলা অনেক সময়ই সুবিধাজনক হয়। এর জন্য বুড়ো আঙুলকে তর্জনীর পাশে রেখে আঙুলগুলো বন্ধ করে মুঠি করতে হয়।
- 5) এক হাতে বল তোলার জন্য হাতের আঙুল ও তালুর গোড়া দিয়ে বলের ঠিক পিছনে আঘাত করতে হবে। দৃষ্টি বলের দিকে রাখতে হবে।



◆ **সার্ভিস (Service):** ভলিবল খেলা শুরু হয় সার্ভিস করে। আবার পয়েন্ট পাবার পরও সার্ভিস করতে হয়। সার্ভিস বলতে বোঝায় বলকে হাত বা হাতের তালুর গোড়া দিয়ে আঘাত করে অপর দলের কোর্টে পাঠানো। সাধারণভাবে সার্ভিসকে পাঁচভাগে ভাগ করা যায়—

- 1) কাঁধের নিচে হাত এনে সার্ভিস (Under arm Service)।
- 2) টেনিস সার্ভিস (Tennis Service)।
- 3) ভাসানো সার্ভিস (Floating Service)।
- 4) হাত পাশে নিয়ে পাক দিয়ে সার্ভিস (Side arm spin Service)।
- 5) হাত ঘুরিয়ে সার্ভিস করা (Round arm Service)।



এদের মধ্যে অন্যতম হল—

- ক) আঙার আর্ম সার্ভিস
- খ) টেনিস সার্ভিস
- গ) ভাসানো সার্ভিস


ক) আঙার আর্ম সার্ভিস: এই সার্ভিসে শারীরিক পরিশ্রম সবথেকে কম হয় তাই খেলার সময় খেলোয়াড়েরা যখন খেলতে খেলতে ক্লান্ত হয়ে পড়ে তখন তারা এই সহজ সার্ভিসটা করাই বেছে নেয়। এইভাবে সার্ভিস করার সময় মনে রাখতে হবে—

- 1) মাঠের প্রান্ত রেখার বাইরে ডানদিকে পা-দুটিকে আড়াআড়িভাবে বা সামনে পিছনে রেখে কাঁধ সমান ফাঁক করে দাঁড়াতে হবে।
- 2) বলটাকে যদি ডান হাত দিয়ে আঘাত করা হয় তাহলে বাঁ পাঁকে সামনে রেখে দেহের ওজনটাকে পিছনের পায়ের উপরে রাখতে হবে।
- 3) হাঁটু দুটোকে সামান্য ভেঙে উপরের শরীরটাকে পাছা থেকে সামনের দিকে ঝাঁকাতে হবে।
- 4) বাঁ হাতে বল নিয়ে কোমরের সমান উঁচুতে বলটাকে ধরতে হবে।
- 5) ডান হাতকে মোটামুটি সোজা রেখে পিছনের দিকে নিয়ে যেতে হবে।
- 6) ডান হাতকে দুলিয়ে সামনে এনে হাতের তালুর গোড়া দিয়ে বলটাকে জোরে আঘাত করতে হবে।
- 7) আঘাত করার ঠিক আগের মুহূর্তে বাঁ হাত দিয়ে বলটাকে উপরে ও কিছুটা সামনের দিকে তুলে দিতে হবে।

খ) টেনিস সার্ভিস: আঙার আর্ম সার্ভিসের তুলনায় এই সার্ভিস একটু কঠিন। কিন্তু এইভাবে সার্ভিস করলে বল দ্রুতগতিতে ও বেশ জোরে এবং নির্ভুলভাবে বিপক্ষ দলের কোর্টে গিয়ে পড়ে। এবং এইভাবে সার্ভিস করা বল তোলা বা খেলা খুব শক্ত বা কষ্টকর হয়ে পড়ে। এই সার্ভিস করার সময় মনে রাখতে হবে—

ভর রেখে দাঁড়াতে হবে।

- 2) ডান হাত দিয়ে বলকে আঘাত করা হবে। বাঁ পা-কে সামনের দিকে এগিয়ে রাখতে হবে।
 - 3) সামনের দিকে 30 সেমি দূরে বলটাকে বাঁ হাতে ধরে ডান দিকে নিয়ে আসতে হবে।
 - 4) হাঁটু দুটোকে সামান্য ভেঙে বলটাকে ডানদিকে মাথার উপর 1/2 থেকে 1 মিটার উঁচুতে বাঁ হাত দিয়ে ছুঁড়ে দিতে হবে।
 - 5) বলটা উপর থেকে নিচে নামার সাথে সাথেই হাতের তালু দিয়ে বলটাকে আঘাত করতে হবে। বলকে আঘাত করার আগের মুহূর্ত পর্যন্ত শরীরটাকে কোমর পর্যন্ত ভেঙে পিছনের দিকে নিয়ে যেতে পারলে ভালো হয়।
 - 6) আঘাত করার মুহূর্তে শরীরের ওজন পিছনের পা থেকে সামনের পায়ে নিয়ে আসতে হবে এবং এই গতির সাহায্যেই খেলার মাঠের মধ্যে চলে আসতে হবে।
- গ) **ভাসানো সার্ভিস:** হাতকে কনুই বা কাঁধের নিচে এনে পাস দেওয়ার কৌশলটা আয়ত্ব হওয়ার পর থেকেই সার্ভিস তোলাটা অনেক সহজ ব্যাপার হয়ে পড়ে। ভাসানো সার্ভিসে বলটা বিপক্ষের কোর্টে ভাসতে ভাসতে খেলোয়াড়ের বুক বা মুখের সামনে হঠাৎ নিচে নেমে পড়ে। মনে রাখতে হবে—



- 1) নেটের দিকে মুখ করে দাঁড়িয়ে পা দুটোকে আড়াআড়িভাবে রেখে কাঁধ সমান ফাঁক করে দাঁড়াতে হবে।
 - 2) বলটাকে বাঁ হাতে বা দু'হাতে ধরে ডানদিকে মাথার উপর ছেড়ে দিতে হবে বা ছুঁড়ে দিতে হবে।
 - 3) বলটাকে আঘাত করার সময় হাত খোলা রাখতে হবে। যতটা সম্ভব কনুইকে শক্ত করে কাঁধের সন্ধির থেকে হাতের গতি এনে তালুর শক্ত অংশ দিয়ে বলের মাঝ ও নিচ বরাবর আঘাত করতে হবে।
 - 4) বলে আঘাত করার সময় দেহের ওজন পিছনের পা থেকে সামনের পায়ে আনতে হবে।
- ◆ **বলে চাপ মারা (Spiking):** বলে জোরে আঘাত করে বিপক্ষের কোর্টে বলটাকে ফেলা সবথেকে কঠিন কাজ এবং এটা একটা গুরুত্বপূর্ণ কৌশল। কারণ বল ও খেলোয়াড় দু'জনকেই মাটির উপর হাওয়াতে থাকতে হবে। বলে চাপ মারার সময় মনে রাখতে হবে—
- 1) যেখানে লাফিয়ে উঠে বল মারতে হবে সেইখান থেকে সাধারণত 2 মিটার দূরে থাকতে হবে।
 - 2) দুই থেকে তিন পা দৌড়ে এসে এমনভাবে লাফিয়ে উঠতে হবে যেন ঠিক বলের পেছনে থাকা যায়।

3) হাত দুলিয়ে সোজা এমনভাবে উপরে উঠতে হবে যাতে হাতটাকে উপরের দিকে নিয়ে বলটাকে আঘাত করা যায়। শরীরের উপরের অংশটাকে ভেঙে পিছনের দিকে বাঁকিয়ে নিতে হবে যাতে বেশি শক্তি পাওয়া যায়।



4) আঘাত করার পর ঠিক সেই জ্যাগাতেই মাটিতে নেমে আসতে হবে। নামার সময় হাঁটু ভেঙে পায়ের পাতাকে প্রথম মাটি স্পর্শ করাতে হবে।

5) সাধারণত খোলা হাতেই বলটা মারা ভালো, এইভাবে মারার জন্য আঙুলগুলো খোলা রাখতে হবে।

6) আবার কজির সাহায্য নিয়ে বলকে ডান বা বাঁদিকে মারা বা ফেলে দেওয়া যেতে পারে।


◆ **বলকে বাধা দেওয়া (Blocking):** এটা হল একটি আত্মরক্ষামূলক কৌশল। তাই অবশ্যই মনে রাখতে হবে যে যখন বিপক্ষ দল বলটা মারছে তখনই বলকে মারতে বাধা না দিলে বল তোলা অসম্ভব হয়ে পড়বে। বাধা দেওয়ার সময় মনে রাখতে হবে—

1) টাইমিং বিশেষ জরুরী। যখনই বিপক্ষ দলের কেউ বলকে চাপ মারার জন্য উপরে উঠছে ঠিক ঐ সময়ই বাধা দেওয়ার জন্য লাফ দিয়ে উপরে উঠতে হবে।


2) জোড়া পায়ে লাফিয়ে উপরে উঠতে হবে। পা দুটোকে বেশি ছড়ালে চলবে না, কারণ যারা লাফ দেওয়ার জন্য পাশাপাশি উপরে উঠবে তারা বিপক্ষ দলের খেলোয়াড়দের স্পর্শে আসতে পারে ও নিজেদেরও অসুবিধের সৃষ্টি করতে পারে।

3) উপরে লাফিয়ে উঠে কজিটাকে নেটের উপর রেখে ও কজি থেকে হাতটিকে ভেঙে শক্ত দেওয়ালের মতো তৈরি করতে হবে যাতে বলটা হাতে লেগেই বিপক্ষের কোর্টের দিকে ফিরে যায়।

4) যখন কয়েকজন মিলে ব্লকিং করা হবে তখন সবাইকেই পাশাপাশি দাঁড়িয়ে একসাথে লাফিয়ে উপরে উঠতে হবে এবং নামার সময় নামাটা যেন যেখান থেকে ওঠা হয়েছে সেখানেই হয়।



অফিসিয়ালদের অবস্থান



- ৩ মোট অফিসিয়াল: ভলিবল খেলায় মোট 7 জন অফিসিয়ালের প্রয়োজন। যথা,-
- ক) প্রথম রেফারী— 1 জন খ) দ্বিতীয় রেফারী—1 জন
- গ) লাইন জাজ—4 জন ঘ) স্কোরার— 1 জন।

অফিসিয়ালদের দায়িত্ব ও কর্তব্য

- প্রথম রেফারী:** প্রথম রেফারী জালের লাইনে স্ট্যান্ডের উপরে থাকেন। প্রথম রেফারীর কাজ কোর্ট ও সরঞ্জাম পরীক্ষা করা, টস করা, খেলা শুরু করার আদেশ, পয়েন্ট দেওয়া, সার্ভিস পরিবর্তনের আদেশ, সর্বোপরি খেলার প্রধান দায়িত্ব তার উপরই থাকে। খেলা চলাকালীন সময়ে প্রথম রেফারীর সিদ্ধান্তই চূড়ান্ত।
- দ্বিতীয় রেফারী:** দ্বিতীয় রেফারী প্রথম রেফারীর দিকে মুখ করে বিপরীত দিকে দাঁড়ান, প্রথম রেফারীর সহকারী ছাড়াও খেলোয়াড় বদলি, রোটেশান, টাইম আউট, জালের নিচের অংশের আইনভঙ্গ, সার্ভিস বল জাল স্পর্শ করা, অ্যাটেনায় হাত লাগা ইত্যাদি লক্ষ্য রাখা তাঁর কাজ।
- লাইন জাজ:** লাইন জাজগণ কোর্টের সীমারেখার চারকোণায় 1-3 মিটার দূরত্বে দাঁড়াবেন, প্রত্যেক লাইন জাজ তাঁদের নিকটবর্তী পার্শ্বরেখা ও পশ্চাত রেখা পর্যবেক্ষণ করবেন। বল যখন তাঁদের নিকটবর্তী রেখার বাইরে পড়বে বা ভিতরে পড়বে তখন তাঁরা সংকেত দিয়ে রেফারীর দৃষ্টি আকর্ষণ করবেন। সার্ভিসের সময় যদি কোনও খেলোয়াড় তার কোর্টের বাইরে থাকে তখন লাইনজাজ সংকেত দেবেন।

- 4 স্কোরার: স্কোরার প্রথম রেফারীর বিপরীত দিকে মুখোমুখি অবস্থায় একটি টেবিলে বসে তাঁর দায়িত্ব পালন করবেন। খেলা আরম্ভের আগে প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করা এবং খেলা শুরুর পর পয়েন্ট, বদলি, টাইম আউট ইত্যাদি লিপিবদ্ধ করা তাঁর কাজ।

রেফারী / লাইন জাজদের ব্যবহার্য সংকেত

1. খেলা শুরুর নির্দেশ: খেলা শুরু করার জন্য রেফারি সার্ভিসের নির্দেশ দেন। সার্ভিস প্রাপ্ত দলের দিকে হাত প্রসারিত করে নিজের দিকে আনতে হবে।




2. যে দল পয়েন্ট পাবে: যে দল সার্ভিস করবে বা পয়েন্ট পাবে রেফারী সেই দলের দিকে হাত প্রসারণ করবেন।



3. কোর্ট পরিবর্তন: ইনিংস শেষ হওয়ার পর প্রথম রেফারী সামনে পিছনে হাত দিয়ে শরীরের বেষ্টনে হাত ঘুরিয়ে কোর্ট পরিবর্তনের নির্দেশ দেন।



4. টাইম আউট: দলের ক্যাপটেন বা প্রশিক্ষক, প্রথম বা দ্বিতীয় রেফারীর কাছে টাইম আউটের সিগন্যাল দিলে রেফারী এক হাতের আঙ্গুলের উপর অন্য হাতের তালু খাড়াভাবে স্থাপন করে টাইম আউটের নির্দেশ দেন।



5. খেলোয়াড় পরিবর্তন: দ্বিতীয় রেফারীর কাছে বা প্রথম রেফারীর কাছে খেলোয়াড় পরিবর্তনের নির্দেশ দিলে রেফারী হাতের সম্মুখভাগে একটি অপরটির উপর স্থাপন করে ঘুরিয়ে নির্দেশ দেন।



6. শাস্তি দান: রেফারী সতর্কীকরণ বা শাস্তি দান 2 ভাবে করেন। প্রথমে খেলোয়াড়কে হৃদয় কার্ড হাত ভেঙ্গে কাঁধের সোজাসুজি রেখে সতর্ক করেন। এবং শাস্তির জন্য লাল কার্ড প্রদর্শন করেন।



7. ম্যাচের সমাপ্তি: সেট বা ম্যাচের সমাপ্তি রেফারী হাতের মুষ্টি খোলা রেখে কোনাকুনি বুকের উপর স্থাপন করে ঘোষণা করেন।



8. সার্ভিসের বল মুক্ত না করা: সার্ভিসের বল যদি বিপরীত দলের কোনও খেলোয়াড় মুক্ত না করে তাহলে রেফারী হাতের মুষ্টি খোলা রেখে প্রসারিত হাত নিচে থেকে উপরে ওঠাবেন।



9. সার্ভিস করতে বিলম্ব: কোনও খেলোয়াড় যদি সার্ভিস করতে বিলম্ব করেন তাহলে রেফারী হাতের পাঁচ আঙ্গুল খোলা অবস্থায় কনুই ভেঙ্গে হাত উপরের দিকে তুলবেন।



10. বুক অপরাধ: বুক অপরাধ বা আড়াল করলে রেফারী হাতের আঙ্গুল জোড়া রেখে দুহাত সমান্তরালভাবে উপরে ওঠাবেন।



11. বল ভিতরে: বল কোর্টের মধ্যে পড়লে প্রথম ও দ্বিতীয় রেফারী মাঠের দিকে হাত ও আঙ্গুল প্রসারিত করে নির্দেশ দেবেন রাইট বল।



12. বল বাইরে: বল কোর্টের বাইরে পড়লে প্রথম ও দ্বিতীয় রেফারী দুই হাত ভেসে কাঁধের কাছে নিয়ে আসবেন অর্থাৎ সমান্তরালভাবে উভয় হস্ত উত্তোলন করবেন।



13. বল ধরলে: সার্ভিস করার পর যদি বল ধরে ফেলে তবে প্রথম রেফারী হাতের তালু উপরমুখী রেখে ধীর গতিতে নিচ থেকে উপরে উত্তোলন করেন।



14. দুবার বল ছুঁলে: কোনও কারণে বল দুবার ছোঁয়া হয়ে গেলে প্রথম ও দ্বিতীয় রেফারী দু'আঙ্গুল পৃথক করে হাত কিছুটা ভেসে প্রদর্শন করবেন।



15. জাল স্পর্শ: সার্ভিসের বল বা কোনও খেলোয়াড়দের জাল ছোঁয়া হলে প্রথম ও দ্বিতীয় রেফারী অপরাধ অনুসারে জালের উপরিভাগ বা পার্শ্বস্পর্শ করে দেখাবেন।



16. উভয়ের অপরাধ: উভয় দল যদি অপরাধ করেন তখন রেফারী হাত সমান্তরাল অবস্থায় দুই বৃদ্ধাঙ্গুল উত্তোলন করে দেখাবেন।



11. বল ভিতরে: বল কোর্টের মধ্যে পড়লে প্রথম ও দ্বিতীয় রেফারী মাঠের দিকে হাত ও আঙ্গুল প্রসারিত করে নির্দেশ দেবেন রাইট বল।




বল ভিতরে

12. বল বাইরে: বল কোর্টের বাইরে পড়লে প্রথম ও দ্বিতীয় রেফারী দুই হাত ভেসে কাঁধের কাছে নিয়ে আসবেন অর্থাৎ সমান্তরালভাবে উভয় হস্ত উত্তোলন করবেন।



বল বাইরে

13. বল ধরলে: সার্ভিস করার পর যদি বল ধরে ফেলে তবে প্রথম রেফারী হাতের তালু উপরমুখী রেখে ধীর গতিতে নিচ থেকে উপরে উত্তোলন করেন।



বল ধরলে

14. দুবার বল ছুঁলে: কোনও কারণে বল দুবার ছোঁয়া হয়ে গেলে প্রথম ও দ্বিতীয় রেফারী দু'আঙ্গুল পৃথক করে হাত কিছুটা ভেসে প্রদর্শন করবেন।




দুবার বল ছুঁলে

15. জাল স্পর্শ: সার্ভিসের বল বা কোনও খেলোয়াড়দের জাল ছোঁয়া হলে প্রথম ও দ্বিতীয় রেফারী অপরাধ অনুসারে জালের উপরিভাগ বা পার্শ্ব স্পর্শ করে দেখাবেন।



জাল স্পর্শ

16. উভয়ের অপরাধ: উভয় দল যদি অপরাধ করেন তখন রেফারী হাত সমান্তরাল অবস্থায় দুই বৃদ্ধাঙ্গুল উত্তোলন করে দেখাবেন।



উভয়ের অপরাধ

17. বিলম্বের জন্য সতর্ক: যদি কোনও কারণে খেলা কোনও খেলোয়াড় বিলম্ব করায় তাহলে প্রথম রেফারী উভয় হাত সমান্তরালে স্থাপন করে এক হাতের তালু দিয়ে আঙ্গুলের শীর্ষ ঘর্ষণ করবেন।



18. বল ভিতরে: বল কোর্টের ভিতরে পড়লে লাইনজাজ, পতাকা মাটির দিকে নামিয়ে নির্দেশ দেবেন বল রাইট।



19. বল বাইরে: কোর্টের বাইরে বল গেলে লাইনজাজ পতাকা দেহের সমান্তরালে উপরের দিকে উত্তোলন করবেন।



20. সার্ভিসের ক্রটি: বল অ্যান্টেনার বাইরে দিয়ে গেলে বা সার্ভিসের ক্রটি ঘটলে লাইনজাজ পতাকা মাথার উপর তুলে আন্দোলিত করে অ্যান্টেনা বা সমাপ্তি রেখার দিকে প্রদর্শন করবেন।




E. THROW BALL

a) Fundamental Skills

Overhand service, Side arm service, two hand catching, one hand overhead return, side arm return.

b) Rules and their interpretations and duties of the officials.



সাধারণ নিয়মাবলী

1. থ্রো-বল কোর্টের দৈর্ঘ্য 18.30 মিটার বা 50 ফুট প্রস্থ 12.20 মিটার বা 30 ফুট। কোর্টের ঠিক মাঝখানে নেটের নিচে 5 সেমি. চওড়া করে একটি লাইন টেনে কোর্টকে সমান দুভাগে ভাগ করা হয়ে থাকে, একে মধ্যরেখা বলে।
2. মধ্যরেখার দুপাশে সমান্তরালভাবে 1.5 মিটার (3 ফুট) দূরে 5 সেমি. চওড়া করে দুটি লাইন টানা হয়, একে Dead Box বলে।
3. মাঠের বাইরে অর্থাৎ প্রান্তরেখার পর 6.1 মিটার সার্ভিস জোন থাকে।
4. থ্রো বলের নেটের দৈর্ঘ্য মাটি থেকে 241 সেমি। মহিলাদের 210 সেমি নেটের দৈর্ঘ্য 13 মিটার এবং প্রস্থ 1 মিটার। 5 সেমি সাদা টেপ দিয়ে নেটের চারিদিকে বর্ডার দেওয়া থাকে।
5. থ্রো বল হবে— 5 নং ফুটবলের মতো। বা 5 নং ফুটবল।
6. কোন খেলোয়াড় Dead Box-এর মধ্যে ঢুকতে পারবে না, তবে হাত বাড়িয়ে বল ধরতে বা ওপারে পাঠাতে পারে।
7. প্রতিদলে 12 জন খেলোয়াড় থাকে। 12 জন খেলোয়াড়ের মধ্যে 3 জন খেলোয়াড়, জন করে তিনটি লাইনে দাঁড়ায়। অতিরিক্ত খেলোয়াড় থাকে 3 জন। সার্ভিস পেলে জিগজ্যাগ প্রথায় জায়গা বদল করা হয়, এটি অনেকটা ভলিবল খেলার মতো।
8. 9 নং খেলোয়াড় প্রথমে সার্ভিস করে মাঠের বাইরে থেকে। নেট স্পর্শ না করে বিপরীত কোর্টে বল পাঠালে তাকে নিভুল সার্ভিস বলে। সার্ভিসের বল হাতে নিয়ে বলে হয় প্লে বল।
9. সার্ভিস লাইন থেকে এক হাতে সার্ভিস করতে হয়। 3 সেকেন্ডের মধ্যে বিপরীত দিকে বল পাঠাতে হবে।
10. এক-সেট 15 পয়েন্টের হয়।
11. সার্ভিসের সময় বল যেন নেট স্পর্শ না করে। বল যেন নেটের নিচে দিয়ে না যায়, বল যদি নেটের নিচে দিয়ে যায় বা সীমানার বাইরে পড়ে অথবা অন্য কোর্টে যাওয়ার সময় কোন খেলোয়াড়ের শরীর বা অন্য কিছুকে স্পর্শ করে কিংবা বল সহ যদি একাধিকবার পা মাটিতে পড়ে, তাহলে ফাউল হবে।

খেলোয়াড়দের কয়েকটি বিষয়ের উপর নজর দিতে হবে—

- ক) বল হাতে পেয়ে ছোঁড়ার সময় ভারসাম্য রক্ষা করতে গিয়ে এক পা সামনে ফেলতে পারে, তবে অন্য পা-টি মাটিতে থাকা চাই।
- খ) বল ছোঁড়ার সময় লাফ দিতে পারে, কিন্তু মাটিতে পা পড়ার আগেই থাকা চাই।
- গ) বলকে পরপর দুবার স্পর্শ করা চলবে না।
- ঘ) বল দাগে পড়লে ফাউল নয়।
- ঙ) বল দুজনে একসঙ্গে ধরতে পারে, কিন্তু পাঠানোর সময় একজনকে পাঠাতে হবে।
- চ) হাত ছাড়া বল গায়ে বা পায়ে লাগলে ফাউল হবে।
- ছ) বল যদি মাটিতে পড়ে ফাউল হবে।
- জ) খেলা পরিচালনার জন্য একজন রেফারি, একজন আম্পিয়ার, একজন স্কোরার ও দুই জন লাইনম্যান থাকবে।

Department of Mathematics

Turku Hansda Lapsa Hemram Mahavidyalay

Introduction to Numerical Methods

By

Dr. Sewli Chatterjee

Assistant Professor

SEM3(CC07) Hons

**TURKU HANSDA LAPSA HEMRAM
MAHAVIDYALAY**

Errors

An approximate number a is a number that differs slightly from an exact number A and is denoted by $a \approx A$.

Sources of Error

In problems, there are some sources which causes in errors. Those may be enlisted as:

1. Error in data: Sometimes the problem is posed not with accurate data but with approximate data. This causes error in the problems.

Example: Let the radius of a circle be 4.126 and $\pi = 22.7$. In case we take area as $3.14 \times 4.13 \times 4.13$, then error in problem is caused.

2. Inherent Error: While solving some problem in numerical methods we require some formulae. In order to make the procedure simple we take some approximation in the formula neglecting complicated terms. This causes error in the formula. For example, while evaluating and integral or solving a differential equation by a numerical methods, we use some formulae. These formulae have been derived truncating some terms. So there is inherent error in each formula.

3. Residual Error: While finding the values of an infinite series we often take up to some finite number of terms and leave the terms after that.

4. Rounding Error: A decimal number having large number of terms or an infinite number of terms are rounded to some terms after decimal. For example 4.3256 is rounded to three significant figure as 4.33 causing error $4.33 - 4.3256 = 0.0044$.

5. Truncation Error: Incase the terms of a number is truncated after some terms without rounding, the error is called truncation error.

Example: If 4.3256 is truncated after two places of decimal then we get error $4.3256 - 4.32 = 0.0056$. This is called truncation error.

(a) any non-zero digit

(b) in decimal representation zero also can be a significant digit if

(i) it lies between two significant digits as in 0.4302.

(ii) if it is used as place holder or to indicate retained place as in 0.432200. Last 00 are significant.

(iii) has not served as to fix the position of the decimal point. In 0.0023, 00 are not significant digits as these are used to fix decimal.

(c) In an integer, zero is a significant digit if it lies between two significant digits. If it lies at the end of an integer then zero may or may not be a significant digit and depends on expressing the number in exponent form.

Example: Let the number be 784000.

This may be expressed as 7.84×10^5 . This number has only 3 significant figures.

Some Examples:

Number Significant figures

- 0.2500 4
- 0.0025 2
- 4.8032 5
- 4.8000 5
- 4.8×10^{-3} 2
- 4.2500 5
- 4.023 3
- 4.203 4



Probability Distribution

DSE₂


By
Dr. Sewli Chatterjee
Assistant Professor

Basic Concepts

Probability distributions are theoretical models that describe the behavior of the population associated with statistical experiments. The concept of probability distributions can best be understood by means of the following experiment.

Let us consider the probability distributions of the number of heads which shows in three tosses of a balanced coin.

No. of Heads	Probability
0	$1/8$
1	$3/8$
2	$3/8$
3	$1/8$



Probability distribution may be defined as a listing of probabilities associated with all possible outcomes that could result if the experiment were done.

A probability distribution involves random variable.

A random variable is a variable whose numerical values are determined by chance.

The representation of the values of a random variable and the probabilities associated with those values is called a **probability distribution**

Random Variable

- **Discrete Random Variable**

- This is a random variable that takes on a finite number of possible values or an unending sequence with as many values as there are whole numbers. Examples include the number of heads or tails that occur when a coin is tossed a specific number of times and the number of patients coming in to a particular clinic in a given day.

- **Continuous Random Variable**

- This is a random variable that takes on an infinite number of possible values equal to the number of points on a line segment. Examples include measured quantities such as weight, height, length and distance.



**Concepts of Probability mass function (PMF) and
Distribution Function – Discrete distribution**

☰ Probability Mass Function (PMF)

If the random variable is a **discrete random variable**, the probability function is usually called the **probability mass function (PMF)**. If X is discrete, then $f(x) = P(X = x)$. In other words, the PMF for a constant, x , is the probability that the random variable X is equal to x . The PMF can be in the form of an equation or it can be in the form of a table.

Properties of probability mass functions:

1. $f(x) > 0$, for x in the sample space and 0 otherwise.
2. $\sum_x f(x) = 1$. In other words, the sum of all the probabilities of all the possible outcomes of an experiment is equal to 1.

Example 3.3

I toss a fair coin twice, and let X be defined as the number of heads I observe. Find the range of X , R_X , as well as its probability mass function P_X .

Solution

Here, our sample space is given by

$$S = \{HH, HT, TH, TT\}.$$

The number of heads will be 0, 1 or 2. Thus

$$R_X = \{0, 1, 2\}.$$

Since this is a finite (and thus a countable) set, the random variable X is a discrete random variable. Next, we need to find PMF of X . The PMF is defined as

$$P_X(k) = P(X = k) \text{ for } k = 0, 1, 2.$$

We have

$$P_X(0) = P(X = 0) = P(TT) = \frac{1}{4},$$

$$P_X(1) = P(X = 1) = P(\{HT, TH\}) = \frac{1}{4} + \frac{1}{4} = \frac{1}{2},$$

$$P_X(2) = P(X = 2) = P(HH) = \frac{1}{4}.$$

Although the PMF is usually defined for values in the range, it is sometimes convenient to extend the PMF of X to all real numbers. If $x \notin R_X$, we can simply write $P_X(x) = P(X = x) = 0$. Thus, in general we can write

$$P_X(x) = \begin{cases} P(X = x) & \text{if } x \text{ is in } R_X \\ 0 & \text{otherwise} \end{cases}$$

To better visualize the PMF, we can plot it. Figure 3.1 shows the PMF of the above random variable X . As we see, the random variable can take three possible values 0, 1 and 2. The figure also clearly indicates that the event $X = 1$ is twice as likely as the other two possible values. The Figure can be interpreted in the following way: If we repeat the random experiment (tossing a coin twice) a large number of times, then about half of the times we observe $X = 1$, about a quarter of times we observe $X = 0$, and about a quarter of times we observe $X = 2$.




Fig.3.1 - PMF for random Variable X in Example 3.3.

Problem 1

If the p.m.f. of a random variable X is given by below find $P(X \leq 2)$

X:	0	1	2	3
p(x):	$\frac{1}{56}$	$\frac{15}{56}$	$\frac{15}{28}$	$\frac{5}{28}$

Problem 2

Find the value of k such that the following function is a p.d.f.

- $f(x) = \begin{cases} k, & -2 < x < 2 \\ 0, & \text{otherwise} \end{cases}$

Problem 3

A random variable X has the following probability distribution. Find K .

X	0	1	2	3	4	5	6	7
$P(X)$	0	$5K$	$7k$	K	$3k$	K^2	$2 K^2$	$7K^2+k$

Distribution function C.D.F

☰ Cumulative Distribution Function (CDF)

A **cumulative distribution function (CDF)**, usually denoted $F(x)$, is a function that gives the probability that the random variable, X , is less than or equal to the value x .

$$F(x) = P(X \leq x)$$

Note! The definition of the cumulative distribution function is the same for a discrete random variable or a continuous random variable. For a continuous random variable, however, $P(X = x) = 0$. Therefore, the CDF, $F(x) = P(X \leq x) = P(X < x)$, for the continuous case.

EXAMPLES

1. A random variable X has the following probability function

$X = x_i :$	-2	-1	0	1	2	3
$p_i :$	0.15	m	0.25	$2m$	0.35	m

i) Determine the value of m .

ii) Obtain the distribution function $F(x)$.

2. A random variable X has the following probability function

$X = x_i :$	-2	-1	0	1	2	3
$p_i :$	0.1	k	0.2	$2k$	0.3	$3k$

i) Determine the value of k .

ii) Obtain the distribution function $F(x)$.

Expectation

☰ **Expected Value (or mean) of a Discrete Random Variable**

For a discrete random variable, the expected value, usually denoted as μ or $E(X)$, is calculated using:

$$\mu = E(X) = \sum x_i f(x_i)$$

The formula means that we multiply each value, x , in the support by its respective probability, $f(x)$, and then add them all together. It can be seen as an average value but weighted by the likelihood of the value.

x	0	1	2	3	4
$f(x)$	1/5	1/5	1/5	1/5	1/5

What is the expected value?

Answer

$$\begin{aligned}\mu = E(X) &= \sum x f(x) = 0 \left(\frac{1}{5}\right) + 1 \left(\frac{1}{5}\right) + 2 \left(\frac{1}{5}\right) + 3 \left(\frac{1}{5}\right) + 4 \left(\frac{1}{5}\right) \\ &= 2\end{aligned}$$

A random variable X has the following probability distribution. Find $E(X)$.

X	0	1	2	3	4
$P(X)$	0	$\frac{1}{5}$	$\frac{1}{5}$	$\frac{2}{5}$	$\frac{1}{5}$

Variance and Std. Deviation

☰ Variance of a Discrete Random Variable

The variance of a discrete random variable is given by:

$$\sigma^2 = \text{Var}(X) = \sum (x_i - \mu)^2 f(x_i)$$

The formula means that we take each value of x , subtract the expected value, square that value and multiply that value by its probability. Then sum all of those values.

There is an easier form of this formula we can use.

$$\sigma^2 = \text{Var}(X) = \sum x_i^2 f(x_i) - E(X)^2 = \sum x_i^2 f(x_i) - \mu^2$$

The formula means that first, we sum the square of each value times its probability then subtract the square of the mean. We will use this form of the formula in all of our examples.

☰ Standard Deviation of a Discrete Random Variable

The standard deviation of a random variable, X , is the square root of the variance.

$$\sigma = \text{SD}(X) = \sqrt{\text{Var}(X)} = \sqrt{\sigma^2}$$

1. If the mean of X is 2 and $E(X^2) = 5$ find $\text{Var}(X)$.
2. If $Y=3+5X$ then find $\text{var}(Y)$ where $\text{var}(X)=2$.
3. For the following probability distribution, calculate the mean, variance and standard deviation (s.d.) of the random variable x :

$x :$	8	12	16	20	24
$p(x) :$	$\frac{1}{8}$	$\frac{1}{6}$	$\frac{3}{8}$	$\frac{1}{4}$	$\frac{1}{12}$



Concepts of Probability density function (Pdf) and Distribution Function – Continuous distribution

☰ Probability Density Function (PDF)

If the random variable is a **continuous random variable**, the probability function is usually called the **probability density function (PDF)**. Contrary to the discrete case, $f(x) \neq P(X = x)$

Properties of a probability density function:

1. $f(x) > 0$, for x in the sample space and 0 otherwise.
2. The area under the curve is equal to 1.

1. The random variable X has the probability density function $f(x) = k$, if $x = 0$
 $= 2k$, if $x = 1$
 $= 3k$ if $x = 2$
 $= 0$ elsewhere

Determine value of k . Also find $P(X < 2)$.

A continuous random variable has the p.d.f. $f(x) = \frac{1}{2}$, $4 \leq x \leq 6$
 $= 0$ elsewhere

Find

- i) $P(4 \leq X \leq 5)$
- ii) $P(X < 4.2)$
- iii) $P(X > 5.5)$

Show that $f(x) = x, 0 \leq x < 1$

$$= k - x, 1 \leq x \leq 2$$

$= 0$ elsewhere is a p.d.f. of a random variable X for a suitable value of k.

Calculate the probability that the random variable lie between $\frac{1}{2}$ and $\frac{1}{3}$.

The probability density function of a random variable X is $f(x) = k(x - 1)(2 - x)$ for $1 \leq x \leq 2$. Determine

- i) the value of the constant k
- ii) the distribution function $F(x)$
- iii) $P\left(\frac{5}{4} \leq X \leq \frac{3}{2}\right)$.

3 Expected value of a continuous random variable

Definition: Let X be a continuous random variable with range $[a, b]$ and probability density function $f(x)$. The **expected value** of X is defined by

$$E(X) = \int_a^b x f(x) dx.$$

Let's see how this compares with the formula for a discrete random variable:

$$E(X) = \sum_{i=1}^n x_i p(x_i).$$

Example 1. Let $X \sim \text{uniform}(0, 1)$. Find $E(X)$.

answer: X has range $[0, 1]$ and density $f(x) = 1$. Therefore,

$$E(X) = \int_0^1 x \, dx = \left. \frac{x^2}{2} \right|_0^1 = \boxed{\frac{1}{2}}.$$

Not surprisingly the mean is at the midpoint of the range.

Example 2. Let X have range $[0, 2]$ and density $\frac{3}{8}x^2$. Find $E(X)$.

answer:

$$E(X) = \int_0^2 x f(x) \, dx = \int_0^2 \frac{3}{8} x^3 \, dx = \left. \frac{3x^4}{32} \right|_0^2 = \boxed{\frac{3}{2}}.$$

1. If X is a continuous random variable having p.d.f. $f(x) =$

$$\begin{cases} \frac{4x}{5} & \text{if } 0 < x \leq 1 \\ \frac{2}{5}(3 - x) & \text{if } 1 < x \leq 2 \\ 0 & \text{elsewhere} \end{cases}$$

Find the mean value of X .

2. Consider a p.d.f. $f(x)$ where $f(x) = \begin{cases} 1/2 & \text{if } -1 < x < 1 \\ 0 & \text{elsewhere} \end{cases}$.

Find $E(X)$ and $E(2X^3)$.

4 Variance

Now that we've defined expectation for continuous random variables, the definition of variance is identical to that of discrete random variables.

Definition: Let X be a continuous random variable with mean μ . The **variance** of X is

$$\text{Var}(X) = E((X - \mu)^2).$$

4.1 Properties of Variance

These are exactly the same as in the discrete case.

1. If X and Y are **independent** then $\text{Var}(X + Y) = \text{Var}(X) + \text{Var}(Y)$.
2. For constants a and b , $\text{Var}(aX + b) = a^2\text{Var}(X)$.
3. **Theorem:** $\text{Var}(X) = E(X^2) - E(X)^2 = E(X^2) - \mu^2$.

1. The probability density of a continuous distribution is given by $f(x) = \frac{3}{4} x(2 - x), 0 < x < 2$. Compute mean and variance.

2. Find the mean and s.d. of the continuous random variable having p.d.f.

$$f(x) = \frac{1}{2} - kx, \quad 0 < x < 4$$
$$= 0 \text{ elsewhere}$$

3. The function $f(x) = \begin{cases} \frac{k}{4}, & -2 < x < 2 \\ 0, & \text{otherwise} \end{cases}$ is a possible probability density function.

i) Find k .

ii) Find $P(X < 1/2)$.

iii) Find $P(|X-1| > 1)$.

Department of Physics

Turku Hansda Lapsa Hemram Mahavidyalay

Laws of Thermodynamics: Part-1

Syllabus:

Thermodynamic Description of System: Zeroth Law of thermodynamics and temperature. First law and internal energy, conversion of heat into work, Various Thermodynamical Processes. Applications of First Law. General Relation between C_p & C_v , Work Done during Isothermal and Adiabatic Processes, Compressibility & Expansion Coefficient Reversible & irreversible process, Second law & Entropy. Cannot's cycle & theorem. Entropy changes in reversible & irreversible processes, Entropy-temperature diagrams. Third law of thermodynamics, Unattainability of absolute zero.

Thermodynamics (তাপগতিবিদ্যা):

পদার্থবিদ্যার যে শাখায় তাপ ও শক্তির পারস্পরিক সম্পর্ক এবং পদার্থের তাপীয় গতি নিয়ে আলোচনা করা হয়ে তাকে তাপগতিবিদ্যা বলা হয়। তাপগতিবিদ্যা কথার অর্থ তাপ (Thermo) এবং গতি (motion)।

Thermodynamic System (তাপগতীয় তন্ত্র):

তাপগতীয় তন্ত্র বলতে নির্দিষ্ট সীমান্ত (boundary surface) দ্বারা আবদ্ধ কোন পদার্থ বা পদার্থের কিছু পরিমাণকে পরিপার্শ্ব থেকে আলাদা ভাবে বোঝায়।

Thermodynamic Description of System

Thermodynamic Variables (তাপগতীয় চলরাশি): যে সব চলরাশির সাহায্যে কোনো তাপগতীয় তন্ত্রকে সম্পূর্ণরূপে প্রকাশ করা যায় তাদের তাপগতীয় চলরাশি বলা হয়। চারটি গুরুত্বপূর্ণ তাপগতীয় চলরাশি হল চাপ (P), আয়তন (V), তাপমাত্রা (T) ও অভ্যন্তরীণ শক্তি (U) ।

P , V , T ও U চলরাশিগুলি তন্ত্রের অবস্থার উপর নির্ভর করে এবং এগুলি তন্ত্রটি কীভাবে ওই অবস্থায় পৌঁছেছে তার উপর নির্ভর করে না। তাপগতিবিদ্যার ভাষায় এই চলরাশিগুলি তন্ত্রের রূপান্তরের পথের (path of transformation) উপর নির্ভর করে না। এই চলরাশিগুলিকে অবস্থা অপেক্ষক (State function) বলা হয়।

কিন্তু কোনো তন্ত্র কর্তৃক শোষিত বা বর্জিত তাপ (Q) তন্ত্রটি কীভাবে ওই অবস্থায় পৌঁছেছে তার উপর নির্ভর করে। এ অর্থ তাপের পরিমাণ পথের উপর নির্ভর করে। সুতরাং, (Q) অবস্থা চলরাশি (State variable) নয়। তেমনি কৃতকার্যও অবস্থা চলরাশি নয়।

Macroscopic and Microscopic Variables (স্বুল ও অতিসুক্ষ্ম চলরাশি):

তাপগতীয় তন্ত্রের যে ধর্মগুলোর পরিমাপ সম্ভব তাদের স্বুল চলরাশি বলে। একটি গ্যাসীয় তন্ত্রের কথা বিবেচনা করা যাক। চাপ (P), আয়তন (V), তাপমাত্রা (T), ও অভ্যন্তরীণ শক্তি (U) জানা থাকলে এই তন্ত্রের সবকিছু জানা যাবে। এই রাশিগুলি পরিমাপযোগ্য হওয়ায় এগুলিকে স্বুল চলরাশি (macroscopic variable) বলা হয়।

যেসব চলরাশিগুলি পরিমাপ করা যায় না, তাদের সুক্ষ্ম চলরাশি (microscopic variable) বলা হয়। কোনো তন্ত্রের কোনো একটি অণুর বেগ, আয়তন, শক্তি ইত্যাদি পরিমাপ করা সম্ভব নয়, এগুলি সুক্ষ্ম চলরাশি (microscopic)।

ব্যাপ্তি-নিরপেক্ষ এবং ব্যাপ্তি-নির্ভর তাপগতীয় চলরাশি (Intensive and Extensive Thermodynamic Variables):

যেসব চলরাশি তন্ত্রের ভর ও কণার সংখ্যার উপর নির্ভর করে না, তাদের ব্যাপ্তি-নিরপেক্ষ (Intensive Variables) চলরাশি বলা হয়। গ্যাসীয় তন্ত্রের ক্ষেত্রে চাপ ও তাপমাত্রা ব্যাপ্তি-নিরপেক্ষ চলরাশি। ফিল্মের ক্ষেত্রে পৃষ্ঠটান ব্যাপ্তি-নিরপেক্ষ চলরাশি। তড়িৎকোষের তড়িচ্চালক বল, ভরের উপর নির্ভর না করায় এটি ব্যাপ্তি-নিরপেক্ষ রাশি। টান-করা তারের টান ব্যাপ্তি-নিরপেক্ষ চলরাশি।

যেসব চলরাশি তন্ত্রের ভর অথবা কণার সংখ্যার সমানুপাতিক অর্থাৎ, এদের সংখ্যার উপর নির্ভর করে, তাদের ব্যাপ্তি-নির্ভর তাপগতীয় চলরাশি (Extensive Variables) বলে। গ্যাসীয় তন্ত্রের ক্ষেত্রে আয়তন- ব্যাপ্তি-নির্ভর চলরাশি। কোনো তন্ত্রের মোট শক্তি ব্যাপ্তি-নির্ভর রাশি। ফিল্মের ক্ষেত্রে ক্ষেত্রফল ব্যাপ্তি-নির্ভর চলরাশি। তড়িৎকোষের আধান ভরের উপর নির্ভর করায় এটি ব্যাপ্তি-নির্ভর রাশি। টান-করা তারের দৈর্ঘ্য ব্যাপ্তি-নির্ভর চলরাশি।

আভ্যন্তরীণ শক্তি (Internal Energy) (U):

প্রতিটি তাপগতীয় তন্ত্র পদার্থ দ্বারা তৈরি। পদার্থ বহুসংখ্যক অণু ও পরমাণু দ্বারা গঠিত। এই সকল অণু পরমাণুর গতিশক্তি ও স্থিতিশক্তির যোগফলই হল একটি নির্দিষ্ট অবস্থায় তন্ত্রের আভ্যন্তরীণ শক্তি।

অণুসমূহের অনিয়মিত (random) তাপীয় গতির জন্য গতিশক্তি সৃষ্টি হয়। আন্তরাণবিক বলের (Intermolecular force) জন্য স্থিতিশক্তির সৃষ্টি হয়। আভ্যন্তরীণ শক্তিকে U দ্বারা নির্দেশ করা হয়। চাপ, তাপমাত্রা ও আয়তনের মতো আভ্যন্তরীণ শক্তি অবস্থা অপেক্ষক (State function)।

আদর্শ গ্যাসের (ideal gas) ক্ষেত্রে আন্তরাণবিক বল না থাকায় (ধরে নেওয়া হয়) আভ্যন্তরীণ শক্তি শুধুমাত্র অণুসমূহের মোট গতিশক্তিকেই বোঝায়। U হল ব্যাপ্তি-নির্ভর (Extensive) তাপগতীয় চলরাশি। যখন কোনো তন্ত্রকে উত্তপ্ত করা হয়, তখন এর আভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি পায়। আবার কোনো তন্ত্রের উপর কোনো কাজ করলে এর আভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি পায়। কিন্তু যখন তন্ত্র থেকে তাপ নিষ্কাশন করা হয় বা তন্ত্রটি বাইরে থেকে কোনো শক্তি না নিয়ে কাজ করে, তখন এর আভ্যন্তরীণ শক্তি হ্রাস পায়।

চক্রীয় পদ্ধতিতে অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন (Change of Internal Energy in a Cyclic Process):

যখন কোনো তন্ত্র এক অবস্থা থেকে অন্য এক অবস্থায় যায়, তখন তন্ত্রের অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন সাধারণভাবে ΔU দ্বারা প্রকাশ করা হয়। যখন অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি পায়, তখন ΔU ধনাত্মক (+ve) এবং যখন হ্রাস পায়, তখন ঋণাত্মক (-ve)। ধরা যাক, কোনো একটি তন্ত্রের একটি অবস্থায় তাপগতীয় চলরাশি P ও T এবং কয়েকটি রূপান্তরের পর আবার প্রারম্ভিক অবস্থায় ফিরে আসে। এর ফলে অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন শূন্য হবে, কারণ U, অবস্থা অপেক্ষক। সুতরাং, আমরা লিখতে পারি,

$$\oint \Delta U = 0 \quad [\oint \text{ সমাকলনে বৃত্তাকার চিহ্ন নির্দেশ করে চক্রাকার পথ।}]$$

এই প্রক্রিয়ায় গৃহীত তাপ সম্পূর্ণরূপে বহিঃস্থ কাজের জন্য ব্যয়িত হয়, এক্ষেত্রে অভ্যন্তরীণ শক্তির কোনো পরিবর্তন হয় না।

তাপগতীয় সাম্য (Thermodynamic Equilibrium):

যখন কোনো তন্ত্রের উপর কোনো অপ্রতিমিত বল (unbalanced force) ক্রিয়া করে না, তখন বলা হয় যে, তন্ত্রটি যান্ত্রিক সাম্যে (mechanical equilibrium) আছে। যদি তন্ত্রের সর্বত্র তাপমাত্রা সমান হয়, তাহলে তন্ত্রটি তাপীয় সাম্যে (thermal equilibrium) থাকবে। যখন তন্ত্রের মধ্যে কোনো রাসায়নিক বিক্রিয়া ঘটে না, তখন বলা হয় তন্ত্রটি রাসায়নিক সাম্যাবস্থায় (chemical equilibrium) আছে।

যখন কোনো তন্ত্র যুগপৎ যান্ত্রিক, তাপীয় ও রাসায় সাম্যাবস্থার শর্ত পালন করে, তখন বলা হয় যে তন্ত্রটি তাপগতীয় সাম্যে (thermodynamic equilibrium) আছে।

কোনো তাপগতীয় তন্ত্রের সাম্যাবস্থা (State of equilibrium) তাপগতীয় চলরাশি দ্বারা নির্দেশ করা হয়। যেসব তাপগতির অবস্থা, তাপগতীয় চলরাশি দ্বারা সম্পূর্ণরূপে প্রকাশ করা যায় না, তাদের অসাম্য অবস্থা (non-equilibrium) বলা হয়।

একটি গ্যাসের উচ্চচাপ থেকে নিম্নচাপে প্রসারণের কথা বিবেচনা করা যাক। গ্যাসের প্রসারণ দ্রুত হওয়ায় তন্ত্রের সর্বত্র চাপ সমান হয় না। প্রসারণের সময় চাপের সঠিক মান নির্ণয় করা যায় না। প্রসারণের সময় তন্ত্রটি যান্ত্রিক সাম্যের শর্ত মানে না। কিন্তু প্রসারণের পর তন্ত্রটি পারিপার্শ্বের সঙ্গে সাম্যাবস্থায় থাকে। অন্তিম অবস্থা তাপগতীয় চলরাশি দ্বারা প্রকাশ করা যায়। এর থেকে দেখা যায়, প্রাথমিক ও অন্তিম অবস্থা সাম্যাবস্থায় থাকে কিন্তু মধ্যবর্তী অবস্থা সাম্যাবস্থায় থাকে না।

একটি বিস্ফোরক রাসায়নিক বিক্রিয়ার কথা ধরা যাক। বিক্রিয়া শুরু পূর্বে তন্ত্রটি সাম্যাবস্থায় থাকে। কিন্তু বিক্রিয়া শুরু হয়ে গেলে তন্ত্রের বিভিন্ন বিন্দুতে চাপ ও তাপমাত্রা একই না হওয়ায় তন্ত্রটি যান্ত্রিক ও তাপীয় সাম্যাবস্থার শর্ত মেনে চলে না। কিন্তু বিক্রিয়া বন্ধ হয়ে গেলে, তন্ত্রটি সাম্যাবস্থায় চলে আসে। সুতরাং মধ্যবর্তী অবস্থা অসাম্য অবস্থা (non-equilibrium state)।


আপাত-স্থৈতিক পদ্ধতি (Quasi-static Process):

আপাত-স্বৈতিক পদ্ধতিতে তন্ত্রটি যেসব অন্তর্বর্তী অবস্থার মধ্য দিয়ে যায়, সেগুলি সাম্যাবস্থায় থাকে। এর অর্থ-সব মধ্যবর্তী অবস্থায় তাপগতীয় চলরাশির সুনির্দিষ্ট মান থাকে। বাস্তবে যখন কোনো পদ্ধতি অসীম ধীর গতিতে সম্পন্ন করা হয়, তখন মধ্যবর্তী সব অবস্থাই সাম্যাবস্থায় থাকে। সব মধ্যবর্তী অবস্থাই তাপগতীয় সাম্যের শর্ত মেনে চলে। এইরূপ পদ্ধতিকে আপাত স্বৈতিক পদ্ধতি (Quasi-static Process) বলা হয়। আপাত স্বৈতিক পদ্ধতি হল আদর্শ পদ্ধতি (ideal process)।

জিরোর সূত্র (Zeroth Law of thermodynamics and temperature):

জিরোর সূত্রটি হল যদি দুটি তন্ত্র পৃথকভাবে তৃতীয় একটি তন্ত্রের সাথে তাপীয় সাম্যে থাকে তবে তন্ত্র দুটি পরস্পর তাপীয় সাম্যে থাকবে।

তিনটি তন্ত্র (System) A, B এবং C এর কথা বিবেচনা করা যাক। A ও B পরস্পর থেকে তাপরুদ্ধ দেওয়াল (Adiabatic wall), বা তাপ কুপরিবাহী দ্বারা পৃথক করা আছে এবং A ও B, C এর সাথে তাপভেদ্য (diathermic) যেমন তাপের সুপরিবাহী দ্বারা পৃথক করা আছে। কিছু সময় পর দেখা যাবে



তন্ত্র A ও B পৃথকভাবে C এর সাথে সাম্যাবস্থায় আছে। এখন যদি তাপরুদ্ধ ও তাপভেদ্য দেওয়াল দুটি পরস্পর স্থান বিনিময় করে, তবে তন্ত্র তিনটির অবস্থার (State) কোন পরিবর্তন হয় না, এর অর্থ তন্ত্র A ও B, দেওয়াল দুটি স্থান বিনিময়ের আগেই সাম্যাবস্থায় ছিল। এই পরীক্ষামূলক পর্যবেক্ষণটিই R H Fowler 1931 সালে তাপগতিবিদ্যার জিরোর সূত্র নামে অভিহিত করেন।

জিরোর সূত্র থেকে তাপ গতিবিদ্যার একটি গুরুত্বপূর্ণ ধারণা পাওয়া যায়। যখন সবতন্ত্রগুলি A, B, C, D ইত্যাদি তাপীয় সাম্যে থাকে, তখন এই তন্ত্রগুলির মধ্যে একটি সাধারণ ধর্ম থাকে। এই সাধারণ ধর্ম হল তাপমাত্রা যা সাম্যাবস্থায় পরিবর্তিত হয় না। সুতরাং তাপমাত্রা হল কোন তন্ত্রের এমন একটি ধর্ম যা নির্ণয় করে তন্ত্রটি অন্যতন্ত্রের সাথে তাপীয় সাম্যে থাকবে কিনা। সুতরাং দুটি তন্ত্রের তাপমাত্রা সমান হওয়ার অর্থ তন্ত্রদুটি পরস্পর তাপীয় সাম্যে থাকবে এবং তাপমাত্রা অপমান হওয়ার অর্থ তন্ত্রদুটি তাপীয় সাম্যে না থাকা।

তাপগতিবিদ্যার প্রথম সূত্র (First Law of Thermodynamics):

তাপগতিবিদ্যার প্রথম সূত্র মূলত শক্তির সংরক্ষণ সূত্র। এই সূত্রটি অনুযায়ী, যখন কোন তন্ত্রে তাপ দেওয়া হয় তখন যে তাপ সরবরাহ করা হয়, তার একটি অংশ বাহ্যিক কাজ করে এবং বাকী অংশ তন্ত্রের অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি করে।

প্রথম সূত্রের গাণিতিক রূপ (Mathematical Form of First Law):

ধরা যাক, কোনো একটি তন্ত্রের A অবস্থায় অভ্যন্তরীণ শক্তি U_A । আরও ধরা যাক, তন্ত্রটি A অবস্থা থেকে B অবস্থায় গেল। মনে করি, এই প্রক্রিয়ায়, তন্ত্রটি Q পরিমাণ তাপ শোষণ করে। এর ফলে তন্ত্রের শক্তির মোট পরিমাণ হবে $(Q + U_A)$ । অবস্থা পরিবর্তনে যদি তন্ত্রটি W পরিমাণ কাজ করে ও B অবস্থায় তন্ত্রের অভ্যন্তরীণ শক্তি U_B , হয়, তাহলে স্থানান্তরের পর তন্ত্রের মোট শক্তি হবে $(W + U_B)$ । সুতরাং শক্তির সংরক্ষণ সূত্র থেকে লেখা যায়,

$$Q + U_A = U_B + W$$

$$\text{বা, } Q = U_B - U_A + W$$

$$\text{বা, } Q = \Delta U + W$$

ক্ষুদ্রাতিক্ষুদ্র (infinitesimal) পরিবর্তনের ক্ষেত্রে

$$dQ = dU + dW$$

এই সমীকরণটি হল তাপগতিবিদ্যার প্রথম সূত্রের গাণিতিক রূপ।

তাপের কাজে রূপান্তর (conversion of heat into work):

(1) চক্রীয় পদ্ধতি: যদি কোন তন্ত্রের পরিবর্তন এমন ভাবে হয় যে, এটি প্রাথমিক অবস্থায় ফিরে আসে তাহলে $dU=0$ (চক্রীয় পদ্ধতি) হবে। এক্ষেত্রে $dQ=dW$ অর্থাৎ প্রযুক্ত তাপ = ক্রিতকার্য।

(2) সমোষ্ণো প্রক্রিয়া: আবার সমোষ্ণো প্রক্রিয়ায় তাপমাত্রা স্থির থাকে, সুতরাং অভ্যন্তরীণ শক্তির কোনো পরিবর্তন হয় না, $dU=0$, অর্থাৎ $dQ=dW$ ।

(3) রুদ্ধতাপ প্রক্রিয়া: এই প্রক্রিয়ায় কোনো তন্ত্র পরিবেশের সাথে তাপের আদানপ্রদান করে না, $dQ=0$ । সুতরাং $dW=-dU$ । অর্থাৎ, তন্ত্রটির দ্বারা ক্রিতকার্যের জন্য অভ্যন্তরীণ শক্তি হ্রাস পায়।

বিভিন্ন ধরনের তাপগতীয় প্রক্রিয়া (Various Thermodynamical Processes)

(1) সমোষ্ণো প্রক্রিয়া (Isothermal Process):

যদি কোনো তন্ত্র এক অবস্থা থেকে অন্য এক অবস্থায় এমনভাবে পরিবর্তিত হয় যে, তন্ত্রটির তাপমাত্রা স্থির থাকে, তাহলে সেই প্রক্রিয়াকে সমোষ্ণো প্রক্রিয়া বলা হয়।

সমোষ্ণো প্রক্রিয়া নিম্নলিখিত শর্তগুলি মেনে চলে:

(i) তাপ শোষণ বা বর্জন $dQ \neq 0$

(ii) তাপমাত্রার পরিবর্তন $dT=0$

(iii) অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন $dU = 0$

সমোষ্ণো প্রক্রিয়ায় আদর্শ গ্যাস সমীকরণটি হল

$PV = \text{ধ্রুবক}$

সমোষ্ণো প্রক্রিয়ায় কৃতকার্য:

একটি সমোষ্ণো প্রক্রিয়া হল এমন একটি প্রক্রিয়া যেখানে ধ্রুবক তাপমাত্রায় গ্যাসের চাপ এবং আয়তন পরিবর্তিত হয়।

$\therefore \Delta T=0$


V_A থেকে V_B পর্যন্ত আয়তন সম্প্রসারণে একটি গ্যাস দ্বারা সম্পাদিত মোট কাজ

$$W_{A \rightarrow B} = \int_{V_B}^{V_A} P dv$$

আদর্শ গ্যাস সমীকরণ থেকে পাই $PV=nRT$

$n=1$ এর জন্য $PV=RT$

$$\therefore P = \frac{RT}{V}$$



$$\therefore W_{A \rightarrow B} = \int_{V_B}^{V_A} \frac{RT}{V} dv$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = RT \int_{V_B}^{V_A} \frac{1}{V} dv$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = RT \ln[V]_{V_A}^{V_B}$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = RT \ln[V]_{V_A}^{V_B}$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = RT[\ln V_B - \ln V_A]$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = RT \ln \frac{V_B}{V_A}$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = 2.306RT \log_{10} \frac{V_B}{V_A}$$

(2) রুদ্ধতাপ প্রক্রিয়া (Adiabatic Process):

যদি কোনো তন্ত্র এক অবস্থা থেকে আর এক অবস্থায় এমনভাবে স্থানান্তরিত হয় যে, মোট তাপের কোনো পরিবর্তন হয় না, তাহলে সেই প্রক্রিয়াকে রুদ্ধতাপ প্রক্রিয়া বলা হয়। এরূপ প্রক্রিয়ায় তন্ত্রটি পারিপার্শ্ব থেকে কোনো তাপ শোষণ বা বর্জন করে না।

রুদ্ধতাপ প্রক্রিয়া নিম্নলিখিত শর্তগুলি মেনে চলে:

- (i) তাপ শোষণ বা বর্জন $dQ = 0$
- (ii) তাপমাত্রার পরিবর্তন $dT \neq 0$
- (iii) অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন $dU \neq 0$

রুদ্ধতাপ প্রক্রিয়ায় আদর্শ গ্যাস সমীকরণটি হল

$$PV^\gamma = \text{ধ্রুবক}$$

রুদ্ধতাপ প্রক্রিয়ায় কৃতকার্য (Work done in Adiabatic Process):


রুদ্ধতাপ প্রক্রিয়ায় তন্ত্র যে কাজ করে তা অভ্যন্তরীণ শক্তির পরিবর্তনের সঙ্গে সমান।

ধরা যাক, একটি তন্ত্র প্রারম্ভিক অবস্থা (P_i, V_i) থেকে রুদ্ধতাপ প্রত্যাবর্তী প্রক্রিয়ায় (P_f, V_f) অবস্থায় যায়। গ্যাসটির অল্প পরিমাণ প্রসারণ হলে চাপকে মোটামুটি স্থির ধরে, কৃতকার্য

$$dW = PdV$$

\therefore সম্পূর্ণ প্রক্রিয়ায় কৃতকার্য

$$W_{A \rightarrow B} = \int_{V_i}^{V_f} PdV$$



$$\text{Or, } W_{A \rightarrow B} = \int_{V_i}^{V_f} \frac{K}{V^\gamma} dv \quad \text{Or, } \because PV^\gamma = K \text{ (constant)}$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = K \int_{V_i}^{V_f} \frac{dv}{V^\gamma}$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = K \int_{V_i}^{V_f} V^{-\gamma} dv$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = K \left[\frac{V^{-\gamma+1}}{-\gamma+1} \right]_{V_i}^{V_f}$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = \frac{K}{1-\gamma} [V_f^{1-\gamma} - V_i^{1-\gamma}]$$

$$\text{আমরা জানি, } P_i V_i^\gamma = P_f V_f^\gamma = K$$

$$\therefore W_{A \rightarrow B} = \frac{1}{1-\gamma} [K V_f^{1-\gamma} - K V_i^{1-\gamma}]$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = \frac{1}{1-\gamma} [P_f V_f^\gamma V_f^{1-\gamma} - P_i V_i^\gamma V_i^{1-\gamma}]$$

$$\text{Or, } W_{A \rightarrow B} = \frac{1}{1-\gamma} [P_f V_f - P_i V_i]$$

(3) সমচাপী প্রক্রিয়া (Isobaric Process):

যদি কোনো তন্ত্র এক অবস্থা থেকে অন্য এক অবস্থায় এমনভাবে পরিবর্তিত হয় যে, তন্ত্রটির চাপ স্থির থাকে, তাহলে সেই প্রক্রিয়াকে সমচাপী প্রক্রিয়া বলা হয়।

সমচাপী প্রক্রিয়া নিম্নলিখিত শর্তগুলি মেনে চলে:

- (i) চাপের পরিবর্তন $dP = 0$
- (ii) কৃতকার্য $dW \neq 0$
- (iii) অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন $dU \neq 0$

(4) সমআয়তনী প্রক্রিয়া (Isochoric Process):

যদি কোনো তন্ত্র এক অবস্থা থেকে অন্য এক অবস্থায় এমনভাবে পরিবর্তিত হয় যে, তন্ত্রটির আয়তন স্থির থাকে, তাহলে সেই প্রক্রিয়াকে সমআয়তনী প্রক্রিয়া বলা হয়।

সমআয়তনী প্রক্রিয়া নিম্নলিখিত শর্তগুলি মেনে চলে:

- (i) আয়তনের পরিবর্তন $dV = 0$
- (ii) কৃতকার্য $dW = 0$
- (iii) অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন $dU \neq 0$

তাপগতিবিদ্যার প্রথম সূত্রের প্রয়োগ (Applications of First Law)

(1) C_p ও C_v এর মধ্যে সম্পর্ক (General Relation between C_p & C_v):

গ্যাসের আপেক্ষিক তাপ দুটি হল

(i) স্থির চাপে আপেক্ষিক তাপ C_p :

চাপ স্থির রেখে একক ভরের গ্যাসের তাপমাত্রা 1° বৃদ্ধি করতে যে তাপ লাগে তাকে C_p বলে।

$$C_p = \left(\frac{dQ}{dT}\right)_p$$

(ii) স্থির আয়তনে আপেক্ষিক তাপ C_v :

আয়তন স্থির রেখে একক ভরের গ্যাসের তাপমাত্রা 1° বৃদ্ধি করতে যে তাপ লাগে তাকে C_v বলে।

$$C_v = \left(\frac{dQ}{dT}\right)_v$$

তাপগতিবিদ্যার প্রথম সূত্র থেকে পাই

$$dQ = dU + dW$$

$$\text{Or, } dQ = dU + PdV$$

সমীকরণটিকে T এর সাপেক্ষে অবকলন করে পাই

$$\frac{dQ}{dT} = \frac{dU}{dT} + P \frac{dV}{dT}$$

স্থির আয়তনে $dV=0$

$$\therefore \left(\frac{dQ}{dT}\right)_v = \left(\frac{dU}{dT}\right)_v$$

$$\text{Or, } C_v = \left(\frac{dU}{dT}\right)_v$$

Or, $C_v = \frac{dU}{dT}$ (যেহেতু আদর্শ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি চাপ ও আয়তনের উপর নির্ভর করে না)

$$\text{আবার, } C_p = \left(\frac{dQ}{dT}\right)_p$$

$$C_p = \left(\frac{dQ}{dT}\right)_p = \left(\frac{dU}{dT}\right)_p + P \left(\frac{dV}{dT}\right)_p$$

Or, $C_p = \left(\frac{dQ}{dT}\right)_p = \frac{dU}{dT} + P \left(\frac{dV}{dT}\right)_p$ (যেহেতু আদর্শ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি চাপ ও আয়তনের উপর নির্ভর করে না)

$$\text{Or, } C_p = \left(\frac{dQ}{dT}\right)_p = C_v + P\left(\frac{dV}{dT}\right)_p$$

$$\text{Or, } C_p - C_v = P\left(\frac{dV}{dT}\right)_p$$

এক গ্রাম অনু আদর্শ গ্যাসের ক্ষেত্রে $PV=RT$

সমীকরণটিকে T এর সাপেক্ষে অবকলন করে পাই $P\left(\frac{dV}{dT}\right)_p = R$

$$\therefore C_p - C_v = R$$

(2) $PV^\gamma = \text{ধ্রুবক}$ সমীকরণটির ব্যুৎপত্তি নির্ণয় (Derivation of the relation $PV^\gamma = \text{ধ্রুবক}$):

তাপগতিবিদ্যার প্রথম সূত্র থেকে পাই

$$dQ = dU + dW$$

$$\text{Or, } dQ = dU + PdV$$

আমরা জানি স্থির আয়তনে আপেক্ষিক তাপ $C_v = \frac{dU}{dT}$

$$\therefore dU = C_v dT$$

$dQ = dU + PdV$ থেকে পাই

$$dQ = C_v dT + PdV$$

রুদ্ধতাপ প্রক্রিয়ার ক্ষেত্রে $dQ = 0$

$$\therefore 0 = C_v dT + PdV$$

$$\text{Or, } C_v dT = -PdV \dots\dots\dots(i)$$

$PV=RT$ সমীকরণটিকে অবকলন করে পাই

$$PdV + VdP = RdT$$

$$\text{Or, } PdV = RdT - VdP$$

$$\therefore dQ = C_v dT + PdV = C_v dT + RdT - VdP$$

$$\text{Or, } dQ = (C_v + R)dT - VdP$$

$$\text{Or, } dQ = C_p dT - VdP$$

